 - (৬) জার্স্টিনিয়ান আইন-সংহিতার তৃতীয় বা শেষ ভাগের নাম —— (কোড / ইন্স্টিটিউট) ।
 - (৭) রোম সাম্রাজ্য ভাগাভাগির সময়ে পঞ্চম রোম সাম্রাজ্য লাভ করেন সন্ত্রাট থিয়োডোসিয়াসের এক পুত্র —— (আকের্ডিয়াস/হন্রিয়াস) এবং পূর্ব রোম সাম্রাজ্য লাভ করেন অপর এক পুত্র — (হন্রিয়াস / আকের্ণেডিয়াস) ।

মৌখিক প্রশ্ন

- (১) কন্স্টাণ্টিনোপলের বর্তমান নাম কি ?
- (২) কন্স্টাণ্টিনোপলের এইরূপ নামকরণ হইল কেন ?
- (৩) থিয়োডোসিয়াস কে ছিলেন ?
- (৪) হন্রিয়াস ও আকের্ডিয়াস কাহারা ছিলেন ?
- (৫) বেলিসেরিয়াস কে ছিলেন ?
- (৬) ভ্যাঙ্কালগন কোথায় রাজত্ব করিত ?
- (৭) সেপ্ট সোফিয়া গির্জা কে নির্মাণ করান ?
- (৮) বাইজান্টিয়ামে কে রাজধানী স্থাপন করিয়াছিলেন ?

আরব দেশ :


দক্ষিণ ভারতের পশ্চিমে আরব সাগর। আরব সাগরের পশ্চিমে আরব দেশ। আরব দেশ লোহিত সাগর, ভারত মহাসাগর ও পারস্যোপসাগর দিয়া তিনিদিকে ঘেরা এক চতুর্কোণ উপনিষৎ। আরব দেশের অভ্যন্তরভাগ পর্বত দ্বারা দ্রুইভাগে বিভক্ত। ইহার সমন্বয়তীরবর্তী কিছু অঞ্চল কৃষির উপযোগী। অবশিষ্ট অঞ্চল মরুভূমিতে পূর্ণ। মধ্য-অঞ্চলে ছোট ছোট বহু মরুদ্যান আছে। আরব দেশ অন্ধবর্বর ও মরুভূমিতে পূর্ণ হওয়ায় পাখরবর্তী সমন্বিতশালী ও শক্তিশালী দেশগুলি কখনও আরব দেশ আক্রমণ বা অধিকার করে নাই। ফলে সভ্য জগৎ হইতে ইহা প্রায় বিচ্ছিন্ন ছিল। তবে সমন্বিতশালী দেশগুলির লোকেরা পরম্পরের সহিত যোগাযোগ ও ব্যবসায়-বাণিজ্যের জন্য ইহার মধ্য দিয়া যাইত। আরব দেশের কৃষি-উপযোগী অঞ্চলে মুক্তা, ইয়াথরের প্রভৃতি কিছু শহর গড়িয়া উঠিয়াছিল। এই সকল স্থান জনবহুল এবং অপেক্ষাকৃত উন্নত ছিল।

আরব জাতি :

আরব দেশ অন্ধবর্বর ও মরুপ্রধান হওয়ায় এখানকার অধিবাসীরা খৰবই বর্ণিষ্ঠ, সাহসী ও কষ্টসহিষ্ণু ছিল। এই অঞ্চল পরপদানত না হওয়ায় এখানকার লোকে ছিল স্বাধীনচেতা ও স্বাতন্ত্র্যপ্রায়ণ। শহরের অধিবাসীরা ছিল প্রধানতঃ ব্যবসায়ী। উটের পিঠে পণ্য বেঝাই করিয়া তাহারা দেশ-বিদেশে যাতায়াত করিত। এই ব্যবসায়ী সম্পদায় সারবানী নামে পরিচিত। অপর শ্রেণীর নাম মরুবাসী। এই মরুবাসীরাই বেদুইন। ইহারা যাষাবর ছিল। মরু-অঞ্চলে তাহারা ঘৰিয়া বেড়াইত পরিবার ও পালিত পশুসকল সঙ্গে লইয়া, খৰ্জিয়া বেড়াইত পশু চৰাইবার স্থান। স্থান খৰ্জিয়া পাইলে তাঁবু ফেলিয়া কিছুদিনের জন্য তথায় থাকিত। দম্ভুজ ও লুক্ষনকায় ছিল তাহাদের প্রধান বৃক্তি। খাদ্য হিসাবে গ্রহণ করিত প্রধানতঃ দুধ, খেজুর ও পশুর মাংস। উট ছিল তাহাদের প্রধান বাহন ও অবলম্বন।

এই আরবগণ বিভিন্ন উপজাতিতে বিভক্ত ছিল। প্রত্যেক উপজাতির এক একজন সদীর থাকিত; তাহাদের বলা হইত শেখ। এই উপজাতি-সমষ্টিতের মধ্যে অবিরাম যন্ত্রিবিগ্রহ লাগিয়া থাকিত। মরণ্যান, জলের কঁচা, ভেড়া কিংবা উট প্রভৃতি জীবনধারণের প্রয়োজনীয় দ্রব্য-সামগীর অধিকার লইয়াই সাধারণতঃ এই যন্ত্রিবিগ্রহ ও হত্যাকাণ্ড চলিত। এই হটনা হইতেই তাহাদের কঠিন ও করুণ জীবনযাত্রার পরিচয় পাওয়া যায়।

আরববাসীদের ধর্মীয় জীবন ছিল খুবই বৈচিত্র্যময়। তাহারা



কাবা মন্দির

আনা দেবতার পূজা করিত। প্রত্যেক উপজাতির নিজ নিজ দেবতা ছিল। নিজ নিজ উপজাতীয় পথ ও পদ্ধতি অনুসারে তাহারা পূজা করিত। মক্কা ছিল তাহাদের তীর্থক্ষেত্র। এখানকার প্রধান মন্দিরের নাম কাবা। কাবা মন্দিরে শত শত দেবদেবীর মূর্তি ছিল। আরবীয়গণ এই সকল দেবদেবীর উপাসনা করিত। কাবা মন্দিরে একটি কালরঙের পাথর ছিল। ইহাকে বিভিন্ন উপজাতিগুলি তাহাদের নিজ নিজ দেব-দেবীর উপরে প্রধান দেবতা বলিয়া মনে করিত। উপজাতিগুলির মধ্যে বিরোধ ছিল প্রচুর; যন্ত্রিবিগ্রহ লাগিয়াই ছিল। তথাপি বৎসরের একটি

নির্দিষ্ট সময়ে সব শগ্রতা ভুলিয়া সকলে এখানে সমবেত হইত এক মেলা উপলক্ষে, আর পঞ্জা দিত পর্বত্তি কাবা মন্দিরে।

আরবীয়গণ লেখাপড়া জানিত না, নিরক্ষ ছিল। কিন্তু গান গাহিতে বা করিতা আবর্তি করিতে তাহারা খ্ৰীষ্ট ভালবাসিত, আর এই সমস্ত চলিত মধ্যে মধ্যে। এইভাবে আরবী ভাষা আরববাসীদের একটি স্তোত্রে আবদ্ধ কৰিয়াছিল।

আরবজাতিকে তাহাদের এই অনুন্নত ও অজ্ঞাত জীবন হইতে উন্নীত কৰিয়া বিশ্বের সম্মুখে যীন তুলিয়া ধরেন, তিনি মহম্মদ।

হজরত মহম্মদ ও তাহার বাণী :

মুক্ত শহরের এক স্মৃতি কোরেশ উপজাতির পরিবারে মহম্মদের জন্ম হয় (৫৭০ খ্রীষ্টাব্দ)। তাহার প্রকৃত নাম আব্দুল করিজম। পিতার নাম আবদুল্লা ও মাতার নাম আর্মিনা বিবি। মহম্মদের জন্মের কিছুদিন পূর্বেই মহম্মদের পিতা আবদুল্লা পরলোকগমন করেন। মাতৃ ছয় বৎসর বয়সে মহম্মদ মাতৃহারা হন। অবশেষে তিনি পিতামহ আবদুল মতালেব ও পিতৃব্য আবু তালেবের দেনহ্যাজে লালিত-পালিত হন। মহম্মদ নিজে ছিলেন বড়ই দৰিদ্র। আবু তালেব ছিলেন সওদাগর। উটের পিঠে পণ্য-সামগ্ৰী বোৰাই কৰিয়া তাঁহাকে দেশ-বিদেশে যাইতে হইত। মহম্মদেরও সঙ্গে যাওয়া ছাড়া গত্যতির ছিল না। বিভিন্ন দেশ ভ্ৰমণ কৰিয়া তিনি ইহুদী, খ্রীষ্টান প্ৰভৃতি সংপ্ৰদায়ের রৌপ্যনৈতি ও ধৰ্ম সম্বৰ্ধে অনেক মূল্যবান অভিজ্ঞতা সংগ্ৰহ কৰিতে পারেন। পৰ্যাপ্ত বৎসর বয়সে এক ধনী বিধবা মহম্মদকে নিজের ব্যবসায়ে কৰ্মচাৰী হিসাবে নিয়োগ কৰেন এবং কিছুদিনের মধ্যে তাঁহাদের বিবাহ হয়। এই ধনী মহিলার নাম খাদিজা বেগম। চালিশ বৎসর বয়স পৰ্যন্ত মহম্মদ মুক্তির একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী হিসাবেই পৰিচিত ছিলেন।

এই সময় হইতেই তাহার মনে ভাবান্তর আসে এবং ধৰ্মীয় চিন্তার উদয় হয়। আরবীয়দের মধ্যে বিভিন্ন মূর্তি'পঞ্জা ও নানাৰ্থ অনাচাৰ তাঁহাকে বৰাবৰই বেদনা দিত। অনেক সময় তিনি খ্ৰীষ্ট উত্তলা হইয়া

ପଢ଼ିଲେନ । ମାଝେ ମାଝେ ମକାର ଅତି ନିକଟେଇ ହୀରା ନାମେ ଏକଟି ପାହାଡ଼େର ଗାହାୟ ଗିଯା ଧ୍ୟାନମନ୍ତ ହିଉଲେନ, ଅବଶେଷେ ଏକଦିନ ତିନି ସତ୍ୟ ଉପଲାଙ୍ଘ କରିଲେନ । ତିନି ବର୍ଦ୍ଧିଲେନ, ଝିଂବର ଏକ ଓ ଅର୍ବତୀୟ, ତାଁହାକେ ଆଜ୍ଞା ବଲା ହ୍ୟ । ମହମଦ ଆଜ୍ଞାର ରମ୍ଭଳ ବା ପ୍ୟାଗମ୍ବର । ଆଜ୍ଞାର ମହିମା ତାଁହାକେଇ ପ୍ରଚାର କରିଲେ ହିବେ ଏବଂ ଏହି ଧର୍ମ^୧ ପ୍ରଚାରେର ମାଧ୍ୟମେଇ ଆରବୀୟଦେର ଐକ୍ୟବନ୍ଧ ଓ ସଭ୍ୟ କରିଯା ତୋଳା ଯାଇବେ ।

ଚିନ୍ମିଶ ବନ୍ସର ବସିଲେ ତିନି ତାଁହାର ନବଧର୍ମ^୨ ଜନସାଧାରଣେର ମଧ୍ୟେ ପ୍ରଚାର କରିଲେ ଆରାତ୍ କରେନ । ପତ୍ରୀ ଥାଦିଜା, ବାଲ୍ୟବନ୍ଧ—ଆବ୍ୟବକର, ଡ୍ରାଇଭାଇ ଆଲୀ ପ୍ରଭୃତି ନାମମାତ୍ର କରେକଜନଇ ଛିଲ ତାଁହାର ପ୍ରଥମ ଦିକେର ଶିଷ୍ୟ । ମକାର ଜନସାଧାରଣ ତାଁହାର ଏହି ଧର୍ମମତ ଗ୍ରହଣ କରିଲ ନା ; ବରଣ ତାଁହାକେ ପାଗଲ ବାଲ୍ୟା ହିନ୍ଦୁପ କରିଲେ ଲାଗିଲ । ତାଁହାକେ ଧର୍ମଦ୍ରୋହୀଓ ବଲା ହଇଲ । ତାଁହାର ଉପର ନାମିଯା ଆସିଲ ନାନାରଂପ ଅତ୍ୟାଚାର ; ଏମନ କି ତାଁହାକେ ହତ୍ୟା କରିବାରେ ଚେଷ୍ଟା ଚାଲିଲ । ନିରାପତ୍ତାର ଅଭାବ ବୋଧ କରିଯା ମହମଦ କରେକଜନ ଶିଷ୍ୟସହ ଇଯାଥ୍ରେବ ଶହରେ ଗମନ କରେନ । ଇଯାଥ୍ରେବେର ଏଥନ ନୃତନ ନାମ ହଇଲ ମଦିନା । ମହମଦରେ ମଦିନା ଯାତ୍ରାର ଦିନଟି ମୁସଲମାନଦେର ନିକଟ ପରମ ପରିବତ୍ର ଦିନ ହିସାବେ ଗଣ୍ୟ ହଇଯା ଥାକେ । ଏହି ଦିନଟି ହିଉଲେ ହିଜରୀ^୩ ବା ମୁସଲମାନୀ ଅବଦ ଗଣନା କରା ହ୍ୟ । ମଦିନାର ଲୋକେରା ମହମଦକେ ସାଦରେଇ ଗ୍ରହଣ କରେ ଏବଂ ଦଲେ ଦଲେ ତାଁହାର ନୃତନ ଧର୍ମମତ ମାନିଯା ଲୟ । ମହମଦର ଶାନ୍ତି ଦିନ ଦିନ ବନ୍ଦିଧ ପାଇତେ ଥାକେ । ଏହି ସମୟେ ମକାବାସୀଦେର ସହିତ ତାଁହାର କରେକଟି ଯୁଦ୍ଧ ହ୍ୟ । ଏହି ସକଳ ଯୁଦ୍ଧରେ ମହମଦ ଜୟଲାଭ କରେନ । ଅବଶେଷେ ଏକଦିନ ବିଜୟୀର ବେଶେ ତିନି ମକାଯ ପ୍ରବେଶ କରେନ (୬୩୦ ଖୀଃ) । ମହମଦ ମକାବାସୀଦେର ପ୍ରତି କୋନ ନିର୍ଦ୍ୟ ବ୍ୟବହାର କରେନ ନା । ତାଁହାର ଏହି ଆଚରଣେ ମକାବାସୀଗଣ ମୁଗ୍ଧ ହ୍ୟ ଏବଂ ଦଲେ ଦଲେ ତାଁହାର ଶିଷ୍ୟଙ୍କ ଗ୍ରହଣ କରେ ।

ହଜରତ ମହମଦ ଯେ-ଧର୍ମ^୪ ପ୍ରଚାର କରେନ ତାହାର ନାମ ଇସଲାମ । ତାଁହାର ମୃତ୍ୟୁର ବହୁ ପ୍ରବେହି ସମୟ ଆରବ ଦେଶେ ଇସଲାମ ପ୍ରତିଷ୍ଠିତ ହ୍ୟ । ତିନି ଯେ ବାଣୀ ବା ଉପଦେଶମୁହଁ ବିତରଣ କରିଲେ ତାହା ମୋଟାମୁହଁ ନିମ୍ନରଂପ—
(୧) ଝିଂବର ଏକ ଓ ଅର୍ବତୀୟ, ମହମଦ ତାଁହାର ରମ୍ଭଳ ବା ପ୍ୟାଗମ୍ବର ।

(২) প্রতিদিন নির্দিষ্ট সময়ে পাঁচবার নমাজ পাঠ বা প্রাথম। (৩) পরিক্রমজ্ঞান মাসে উপবাস পালন। (৪) মক্কায় হজ বা তীর্থযাত্রা অবশ্য করণীয়। (৫) প্রত্যেকের আয়ের এক-পঞ্চাংশ দারিদ্র ও দুঃখীজনকে জান। এই পাঁচটি বিধিকে বলা হয় ইসলামের পঞ্চতন্ত্র। তিনি আরও বালতেন যে ইসলাম ধর্মে কোন জার্জিভদ্র নাই; সকল ধর্মের লোকই এই ধর্মমত গ্রহণ করিতে পারে; সকলের সঙ্গেই সংপর্ক হইবে ভাই ভাই।

মহম্মদের সমস্ত বাণী ও উপদেশ তাহার সহযোগী বন্ধুরা যাহা হাতের কাছে পাইতেন তাহাতে, পাতায়, প্লেটের টুকরায় বা ভেড়ার কাঁধের চওড়া হাড়ের উপর লিখিয়া রাখিতেন। পরবর্তী সময়ে এই লেখাগুলি সংগ্রহ করিয়াই মসলিমানদের প্রধান ধর্মগ্রন্থ পরিব্রত ‘কোরান’ রচিত হইয়াছে।

ইসলামের বাণীতে আকৃষ্ট হইয়া আরবীয়গণ সকল বিভেদ ভূলিয়া একের বন্ধনে আবদ্ধ হয়। আরবজাতিকে গঠন ও সংস্ববদ্ধ করা মহম্মদের জীবনের এক পরম কৰ্ত্তি। মহম্মদ যখন আরব দেশে আবিভূত হন, তখন আরবীয়েরা ছিল দৰ্দান্ত, বব'র, পরস্পরের প্রাতি শত্রুভাবাপন্ন কতকগুলি উপজাতির সমষ্টি মাত্র। তাহাদের জীবন ছিল সবরকম দৰ্নীতি, ছার-ডাকাতি, শিশুহত্যা, মদ্যপান, জয়াখেলা প্রভৃতি অপকর্মে ভরা। কিন্তু যখন মহম্মদের তিরোধান হয়, তখন আরবীয়রা একটি বিরাট ঐক্যবন্ধ, শক্তিশালী জাতিতে পরিণত হইয়াছিল।

৬৩২ ধৈর্ঘ্যে হজরত মহম্মদের মৃত্যু হয়।

ইসলামের দ্রুত বিস্তার লাভের কারণ :

‘ইসলাম ধর্ম’ অতি দ্রুত বিস্তার লাভ করিয়াছিল। ইসলামের মতই বৌদ্ধধর্ম ও ধীর্ঘধর্ম প্রথিবীর বহুদেশে বিস্তার লাভ করিয়াছিল। কিন্তু সেজন্য বহু শতাব্দী লাগিয়াছিল। কিন্তু শতাব্দীকালের মধ্যে ইসলাম এশিয়া ও আফ্রিকার বহু অংশে এবং ইউরোপের ক্ষয়দণ্ডে বিস্তার লাভ করিয়াছিল। ইহার পশ্চাতে কতকগুলি কারণ ছিল।

ইসলামের প্রবেশ ইহুদীরা ও ধৈর্ঘ্যনারা এক ও নিরাকার জীবন সংপর্কে প্রচার করিয়াছিল। তাই মহম্মদের ধর্মেও অনেকের কাছে নৃতন

কিছুই ছিল না। মহম্মদ বাইবেল ও ধৈষ্টখর্মের বিরোধী ছিলেন না। তাঁহার বাণীর প্রামাণিকতা প্রসঙ্গে তিনি প্রায়ই বাইবেল ও ধৈষ্টের অবতারণা করতেন। এই সময়ে ‘ধৈষ্টখর্ম’ তাহার মূলনীতি ত্যাগ করিয়া নানা সম্পদায়ে বিভক্ত হইয়াছিল এবং এই সব সম্পদায় দলাদলি ও রেষারেবিতে সর্বদা মন্ত্র ছিল। মহম্মদ আরাহাম ও মৃশা প্রভৃতিকেও তাঁহার পর্ব ‘বতী’ পয়গম্বর রূপে স্বীকার করিয়া লইয়াছিলেন।

তাহাছাড়া, অন্যান্য ধর্মপ্রচারকগণ তাঁহাদের ধর্মীয় নীতি এবং মানবের হন্দয় জয়ের উপরই সর্বাধিক জোর দিতেন। এজন্য ইহুদী ও ধৈষ্টামদের অশেষ লাঞ্ছনা ও উৎপৌত্র সহ্য করিতে হইয়াছিল। কিন্তু মহম্মদ ও ইসলামের প্রচারকগণ তরবারি হন্দতে ধর্মপ্রচার করিয়াছিলেন। মানবের সম্মত্যে ইসলাম গ্রহণ বা ইসলামের বশ্যতা স্বীকার, নয় মত্ত্যবরণ ছাড়া পথ ছিল না। ফলে প্রাণভয়ে এবং স্বয়েগ-স্বীবিধার লোভেও অনেকে ইসলাম গ্রহণ করিয়াছিল।

ইসলামের ধর্মনেতারা ধর্মপ্রচারক মাত্র ছিলেন না, তাঁহারা বস্তুতঃ ছিলেন মূসলিম দর্শনিয়ার অধীশ্বর। ফলে ইসলামের বিস্তারে রাষ্ট্রশক্তি ও সৈন্যবাহিনী সর্বদা তৎপর ছিল।

খলিফাগণ ও আরব সাম্রাজ্য :

হজরত মহম্মদ অপৃত্রক ছিলেন। তাঁহার মত্ত্যুর পর প্রধান শিষ্যাগণ এক বৈঠকে মিলিত হইয়া মহম্মদের অন্যতম শবশুর ও অন্যতম প্রধান শিষ্য আবুবকরকে মহম্মদের প্রতিনিধি নির্বাচিত করেন। এইরূপ প্রতিনিধিকে বলা হইত খলিফা। আবুবকর সমগ্র আরবদেশে ইসলাম প্রতিষ্ঠা করেন এবং একটি মূসলিম রাষ্ট্ররূপে আরবের অভ্যুত্থান ঘটে। তিনি বাইজাটোইন সাম্রাজ্যেরও কিছু অংশ মূসলিম রাষ্ট্রের অন্তর্ভুক্ত করেন। মাত্র দ্রুই বৎসর খলিফা থাকার পর তাঁহার মত্ত্য হয়।

আবুবকরের মত্ত্যুর পর খলিফা হন মহম্মদের অন্যতম শবশুর শুমর। তিনি দশ বৎসর খলিফা ছিলেন। তাঁহার সময়ে সিরিয়া, প্যালেস্টাইন, পারস্য, মিশর ও উত্তর আফ্রিকার কিছু অংশে মূসলিম অধিকার বিস্তৃত


হয়। নিষ্ঠাবান, সরল, ধর্মপ্রাণ এবং ইসলামের অক্লান্ত প্রচারক হিসাবে আবৃত্তির ও গুরু ইসলাম ইতিহাসে চিরসমরণীয় হইয়া আছেন। গুরুরের পর খলিফা নির্বাচিত হন ওসমান। ইনি ৬৫৬ খ্রীষ্টাব্দ পর্যন্ত খলিফা ছিলেন। ইহাদের প্রধান দফতর বা রাজধানী ছিল মাদিনা। ওসমানের পর খলিফা হন আলী। উপরোক্ত চারিজন ‘প্রথম চারিজন খলিফা’ নামে ইতিহাসে প্রসিদ্ধ।

আলী ছিলেন মহম্মদের খ্বলতাত পুত্র ও জামাতা। ধার্মিক, উদার ও সুপার্ণিত হিসাবে আলীর খ্বই স্বনাম ছিল। তাঁহার সময় হইতেই খলিফা পদ লইয়া আরবীয়দের মধ্যে গ্রহীবাদ শুরু হয়। সিরিয়ার শাসক মুয়াবিয়া আলীর বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেন। শান্তিপ্রয় আলী যন্মধ না করিয়া সার্বিদ্ধ করেন। কিন্তু মুয়াবিয়ার চক্রান্তে আলী নিহত হন।

আলীর ছিল দুই পত্রে—হাসান ও হোসেন। আলীর মৃত্যুর পর তাঁহার জ্যেষ্ঠপুত্র হাসান খলিফা হন। তিনিও ছিলেন পিতার মতোই পরম শান্তিপ্রয়। মুয়াবিয়ার চক্রান্তে ও বিরোধিতায় তিনি খলিফা পদে ছাড়িয়া দিতে বাধ্য হন। হাসান এই শতে^১ মুয়াবিয়াকে খলিফা পদে মানিয়া লন যে, মুয়াবিয়ার পর তাঁহার কনিষ্ঠ আতা হোসেন খলিফা হইবেন। কিন্তু মুয়াবিয়া চুক্তি ভঙ্গ করেন। মুয়াবিয়ার পুত্র এজিদ বিষপ্রয়োগে হাসানকে হত্যা করেন এবং হোসেনও এজিদের চক্রান্তে কারবালা প্রান্তরে নির্মভাবে নিহত হন। কারবালার করুণ ঘটনার পর মুসলমানগণ দুইটি সম্পদায়ে বিভক্ত হইয়া যায়। একটি সম্পদায় সুন্নী এবং অপরটি শিয়া সম্পদায় নামে পরিচিত। এই শিয়া সম্পদায়ভুক্ত মুসলমানগণ কারবালার মরুভূমিতে হোসেন ও তাঁহার সঙ্গীগণের নিদারণ জলকষ্ট ও করুণ মৃত্যুকাহিনী স্মরণ করিয়া একটি পৰ্ব পালন করে। এই পৰ্ব-ই মহরম নামে পরিচিত। মুয়াবিয়ার বংশের খলিফাগণ মুয়াবিয়ার পৰ্বপূরুষ উমায়ার নাম অনুসারে উমায়া-বংশীয় খলিফা নামে পরিচিত। তাহাদের রাজধানী ছিল সিরিয়ার দামামকাস।

আববাসী খলিফাগণ

মুহাম্মদ-প্রতিষ্ঠিত উমায়া বংশের পতনের পর মহম্মদের এক পিতৃব্য আববাস-এর এক বংশধর ৭৫০ খ্রীষ্টাব্দে খলিফা পদ লাভ করেন। পূর্বপ্রাচীন আববাসের নামানসারে এই বংশের নাম হয় আববাসী বংশ। এই বংশের খলিফাগণের সময়ে আরব সাম্রাজ্য ও আরবীয় সভ্যতা-সংকৃতি সর্বোচ্চ শীর্ঘে আরোহণ করে। আববাসী বংশীয় খলিফাদের রাজধানী ছিল বাগদাদ। এই বংশের পঞ্চম খলিফাগণের মধ্যে সর্বশ্রেষ্ঠ ছিলেন হারুন-অল-রাসিদ (৭৮৬ খ্রীঃ)। খলিফা হারুন-অল-রাসিদ গঢ়ে শুরুন্তে খুব ভালবাসিতেন। এই গঢ়েগৰ্দলি সংগ্রহ করিয়া রাখা হইত।



এই স্বীক্ষ্যাত গঢ়ে-সংগ্রহই ‘আরব্য-উপন্যাস’ বা ‘আরব্য রজনী’র গঢ়ের পথে পূর্থীর সবুজ আজিও সমাদুর লাভ করিয়া থাকে। খলিফাদের আমলে যথেষ্ট গৃহিণীদাদ থাকিলেও আরবীয়দের দিগ্বিজয়ের কোন ব্যাধাত ঘটে নাই; কিংবা ভান-বিজ্ঞান, শিল্পচৰ্চা এবং ব্যবসায়-বাণিজ্যের অগ্রগতির পথেও কোন বাধা সৃষ্টি হয় নাই। বেলুচিস্তান, তুর্কীস্থান, পারস্য, মেসোপটেমিয়া, আর্মেনিয়া, সিরিয়া, সাইপ্রাস, কুইট, মিসর, উত্তর আফ্রিকা ও ভারতবর্ষের সিংহল অঞ্চল প্রভৃতি দেশ লইয়া

গাড়িয়া উঠিয়াছিল বিশাল মুসলিম সাম্রাজ্য। আববাসী যুগে ইসলামের তরবারি আঞ্চনিকার মধ্য দিয়া ইউরোপের ম্পেন পর্যন্ত প্রসারিত হইয়াছিল।

স্পেনে আরব রাজত্বঃ কর্ডোভা

স্পেনে গথ সাম্রাজ্যের দ্রব্যবস্থার স্থযোগ লইয়া আরবীয়গণ তথায় আরবীয় শাসনব্যবস্থা প্রতিষ্ঠা করিতে সক্ষম হয় এবং কালঝেমে সেখানে এক বিরাট সভ্যতা গাড়িয়া তোলে। স্পেনের আরবীয়দের বলা হইত মূর। তাহাদের রাজধানী ছিল কর্ডোভা। উমায়া-বংশীয় খলিফাদের পতনের প্রাকালে উমায়া-বংশীয় খলিফার এক পুত্র স্পেনে পলায়ন করেন। সেখানে তিনি নিজেকে খলিফা বলিয়া ঘোষণা করেন। কর্ডোভা আরব সভ্যতা-সংস্কৃতির প্রধান কেন্দ্র হইয়া উঠে। স্পেনের আরবীয় শাসকগণ ছিলেন খ্ৰীবই উদার ও উন্নত চৰত্বের। তাঁহাদের প্রজাদের মধ্যে বহু ধৈশ্টান ও ইহুদী ছিল। তাহারা নির্বিবাদে নিজ নিজ ধর্ম পালন করিতে পারিত। জনসাধারণের জন্য নির্মাত প্রশস্ত রাজপথ, বহু মসজিদ, বহু মনাগার, ফোয়ারা-শোভিত মনোরম উদ্যানসমূহ প্রভৃতির মধ্যে আরবীয় সভ্যতার উৎকর্ষের পরিচয় পাওয়া যাইত। রাজকীয় প্রস্তকাগার, বিশ্ববিদ্যালয়, শিল্পচৰ্চার কেন্দ্র এবং বহু গৃণীজনের সমাবেশ মূর-শাসিত স্পেনকে এক বিরাট সমৃদ্ধশালী সংস্কৃতি-কেন্দ্র পরিণত করিয়াছিল। আর, ইহার প্রধান কেন্দ্র ছিল রাজধানী কর্ডোভা।

ইসলামের আঘলে ইউরোপীয়দের প্রতিক্রিয়া

আরববাহিনী দৰ্বাৰ গতিতে অগ্রসৱ হইয়া এশিয়া ও আঞ্চনিকার বহু স্থান জয় কৰিলেও ইউরোপে তাহাদের অভিযান বিশেষ সাফল্যলাভ কৰে নাই। আরববাহিনী বাইজান্টাইন সাম্রাজ্যের বহু অংশ অধিকার কৰিলেও তাহা আরববাহিনীৰ ইউরোপ-প্রবেশের পথে দৰ্জ্য বাধা স্বৱৃপ্ত ছিল। উত্তর আঞ্চনিকার জিবাল্টার প্রণালী পার হইয়া তাহারা ইউরোপীয় ভূখণ্ডে প্রবেশ কৰিয়াছিল এবং স্পেন জয় কৰিয়া ফ্রান্সের দিকে অগ্রসৱ হইতে থাকে। ঐ সময় ফ্রান্স ও জার্মানিতে জার্মান ফ্রাঙ্ক উপজাতি একটি

শক্তিশালী রাজ্য গড়িয়া তুলিয়াছিল। ফ্রাঙ্ক নেতা চার্লস মাটেল ফ্রান্সে একটি যুদ্ধে আরবদের পরাজিত করেন। এইভাবে দক্ষিণ-পশ্চিম হইতেও ইউরোপে আরব অগ্রগতি প্রতিষ্ঠিত হয়। ফ্রাঙ্ক-জাতীয় বিখ্যাত সংগ্রামে মান আরবাদিগকে স্মেনের অধিকাংশ স্থান হইতেও বিতাড়িত করেন।

যাহা হউক, আরবীয়গণ ইউরোপে আধিপত্য বিদ্বারে ব্যথা হইলেও তাহারা দীর্ঘকাল ইউরোপীয়দের প্রতিবেশীরূপে ছিল। তাহাদের সভ্যতা-সংস্কৃতি ঐ যুগের ইউরোপীয়দের তুলনায় অনেক উন্নত ছিল। কৈমেই আরবীয়দের সহিত ইউরোপীয়দের স্বসম্পর্ক গড়িয়া উঠে। সংগ্রামে মান ও খলিফা হারুন-অল-রাসিদ পরম্পরাকে শুন্দি করিতেন। তাহাদের মধ্যে দৃত বিনিময় ও সৌহার্দ্য প্রতিষ্ঠা হইয়াছিল। আরবীয়দের মাধ্যমেই পৌর ও ভারতীয় জ্ঞান-বিজ্ঞানের সহিত ঐ যুগের ইউরোপ পরিচিত হইয়াছিল। আরবীয়দের মাধ্যমেই ইউরোপীয়দের সঙ্গেও বিদেশের ব্যবসায়-বাণিজ্য ও সাংস্কৃতিক আদান-প্রদান গড়িয়া উঠিয়াছিল।

আনবসভ্যতায় আরবীয়দের দান : কয়েকজন বিখ্যাত আরব-মুসলিম মানবসভ্যতায় আরবীয়দের দান অপরিসীম। মধ্যযুগের অজ্ঞানতার অধিকারের মধ্যে জ্ঞানের আলো জবালাইয়া রাখিয়াছিলেন আরবীয়গণ। প্রাচীন পৌর, পারস্য ও অন্যান্য প্রাচ্য সভ্যতার কেন্দ্রগূলতে যে-সকল জ্ঞান-বিজ্ঞানের ঐতিহ্য সংরক্ষিত হইয়াছিল, আরবীয়গণ তাহাকে বাঁচাইয়া রাখিয়াছিলেন এবং সমৃদ্ধ করিয়াছিলেন। তাহার অন্যান্য সভ্যতা হইতে যে-সকল সম্পদ আহরণ করিয়াছিলেন তাহার সহিত নিজেদের চিন্তা ও আবিষ্কার মিলাইয়া দিয়াছিলেন। পৌর বিজ্ঞান, পারস্যক দর্শন, হিন্দু গাণিত প্রভৃতির সম্বন্ধে এক অভিনব চিন্তাধারার প্রবর্তন করিয়াছিলেন। প্রাচীন জ্ঞান-বিজ্ঞানকে নিজেদের প্রতিভাব স্পঞ্চে এইরূপ সমৃদ্ধ করিয়া ভবিষ্যৎ মানবজ্ঞানের জন্য রাখিয়া গিয়াছিলেন। তাই প্রথিবীর মানব্য আরবীয়দের নিকট চিরকৃতভাবে আরবীয়গণ প্রাচ্য দেশের জ্ঞান-বিজ্ঞান ও কার্যগার বিদ্যা সাদরে গ্রহণ করিয়া তাহার সমৃদ্ধি সাধন করেন; এই সম্পদ পরবর্তী সময়ে লাভ করে ইউরোপ এবং এই

সংস্কৃতির উপর ভিত্তি করিয়াই পরবর্তী কালের ইউরোপীয় জ্ঞান-বিজ্ঞান গড়িয়া উঠে।

আরবীয় সভ্যতার প্রধান কেন্দ্র ছিল বাগদাদ ও কর্ডোভা। মধ্যযুগে আরবীয় সভ্যতার ভাগ্যকাশে উজ্জ্বল নক্ষত্রের ন্যায় বিরাজ করিতেন বহু পৰ্য্যট ও মনীষীগণ। তাঁহাদের মধ্যে আল-কৰ্নেল, ইবন-সিনা, ইবনে রোশেদ, আলতাবারী, ইবন-খালদুন, আলবেরুনী, ইবন-বতুতা প্রভৃতির নাম উল্লেখযোগ্য।

মহাপৰ্য্যটত আল-কৰ্নেল দশ্শন, গৱ্ণত, চিকিৎসা শাস্ত্র, জ্যোতিষ, সংগীত বিষয়ে প্রায় দুইশত গ্রন্থ রচনা করিয়াছিলেন। পৰ্য্যটত ইবন-সিনা ছিলেন দশ্শন ও চিকিৎসা বিজ্ঞানে পারদশী। তিনি বিভিন্ন বিষয়ে প্রায় একশত প্রস্তুতক রচনা করিয়াছিলেন। ইবনে রোশেদ মুসলমান পৰ্য্যটদের মধ্যে সবচাইতে প্রসিদ্ধ ছিলেন। ইউরোপে তিনি আভেরয়োসেন নামে পরিচিত ছিলেন। তাঁহার জন্মস্থান কর্ডোভা। তিনি গ্রীক পৰ্য্যট অ্যারিস্টটলের গ্রন্থসমূহ আরবী ভাষায় অনুবাদ করেন। চিকিৎসা ও কাব্য বিষয়ে তাঁহার অনেক রচনা আছে। আলতাবারী ঐতিহাসিক; তিনি একখণ্ড প্রথিবীর ইতিহাস রচনা করিয়াছিলেন। অপর একজন ঐতিহাসিক ইবন-খালদুন। তাঁহার রচনার বৈশিষ্ট্য ভিন্নরূপ। তিনি শুধু রাজা-বাদশাহের বংশ-পরিচয় ও যাদ্বাদ্বিগ্রহের কথা লিখিয়াই ক্ষান্ত হন নাই; সমাজে কিভাবে সামাজিক ও অর্থনৈতিক পরিবর্তন আসে তাহার উল্লেখ করিয়াছেন। পয়ঁটক আল-বেরুনী গৱ্ণত, ভূগোল, জ্যোতিষ, পদার্থবিদ্যা, রসায়ন প্রভৃতি বিষয়ে বহু গ্রন্থ রচনা করিয়াছিলেন। তাঁহার রচিত ‘তারিখ-অল-হিন্দ’ নামক ভারতীয় ইতিহাস এক অম্লে সম্পদ। ভারত পরিভ্রমণ করিবার পর তিনি এই গ্রন্থ রচনা করেন। আলবেরুনীর ন্যায় ইবন-বতুতাও বহুদিন ভারতবর্ষে ছিলেন। মহম্মদ বিন-তুলক তাঁহাকে কাজী নিয়ন্ত্র করিয়া ছিলেন। পয়ঁটক ও ধর্মপ্রচারক ইবন-বতুতা উভয়ের আফ্রিকার অধিবাসী ছিলেন।

ঘটনাপঞ্জী

হজরত মহম্মদের জন্ম—৫৭০ খ্রীঃ অঃ

হজরত মহম্মদের মাদিনাগমন—৬২২ খ্রীঃ অঃ।

হজরত মহম্মদের মৃত্যু—৬৩২ খ্রীঃ অঃ।

খলিফা আবুবকরের মৃত্যু—৬৩৪ খ্রীঃ অঃ।

খলিফা ওমরের মৃত্যু—৬৪৪ খ্রীঃ অঃ।

খলিফা ওসমানের মৃত্যু—৬৫৬ খ্রীঃ অঃ।

উমায়া-বংশের পতন—৭৫০ খ্রীঃ অঃ।

খলিফা হারুন-অল-রাসিদ—জন্ম ৭৬৬, মৃত্যু ৮০৯ খ্রীঃ অঃ।

চাল্স মার্টেলের হস্তে ফ্রান্সে আরবদের পরাজয়—৭৩২ খ্রীঃ অঃ।

অনুশীলনী

রচনাভিত্তিক প্রশ্ন

- ১। হজরত মহম্মদের আবির্ভাবের প্রবেশকার আরবদেশ ও আরব জাতি সংপর্কে যাহা জান লিখ ।
- ২। হজরত মহম্মদের জীবনী ও বাণী সংক্ষেপে লিখ ।
- ৩। প্রথম তিনজন খলিফার অধীনে আরবদের সাম্রাজ্য বিস্তারের কাহিনী লিখ ।
- ৪। ইসলামের বিস্তারে ইউরোপে কিরণে প্রতিক্রিয়া হইয়াছিল বর্ণনা কর ।
- ৫। মানবসভ্যতায় আরবীয়দের দান সংপর্কে যাহা জান লিখ ।
- ৬। কর্ডোভা কোথায় অবস্থিত ? মূর বলিতে কি বুঝ ? কর্ডোভায় কিভাবে পৃথক খলিফার রাজত্ব প্রতিষ্ঠিত হয় ? সভ্যতা-সংস্কৃতি বিষয়ে কর্ডোভার দান সংপর্কে যাহা জান লিখ ।

সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন

- ১। ইসলাম ধর্মের দ্রুত বিস্তার লাভের কারণ কি ?
- ২। টীকা লিখ : আল-করিম ; ইবন-সিনা ; ইবনে রোশেদ ; আল-বেরুনী ।

୩ । ଉମାୟା-ବଂଶୀୟ ଖଲିଫା ଏବଂ ଆନ୍ବାସୀ-ବଂଶୀୟ ଖଲିଫା କାହାଦେର ବଲା ହୁଯା ?

୪ । ମହାମେର ଐତିହାସିକ ସଟନାର ବିବରଣ ଦାଓ ।

ମୈଦାନ୍ତିକ ପ୍ରସ୍ତୁତି

ବାନ୍ଧାଦିକେର ସେ କଥାଟିର ସହିତ ଡାନ୍ଧାଦିକେର ସେ ଉତ୍କଳି ପ୍ରସୋଜ୍ୟ ତାହା ଠିକ୍ କରିଗୋ ମାଜାଇୟା ଲିଖ—

- | | |
|------------------|--------------------------------|
| (୧) ମର୍ଦିନା | (୧) ଆରବୀୟ ପର୍ଷଟକ । |
| (୨) ବେଦ୍‌ଇନ | (୨) ଏକଜନ ଖଲିଫା । |
| (୩) ଆଲବେରନ୍ନୀ | (୩) ଆନ୍ବାସୀ ପର୍ଷଟକ । |
| (୪) ଇବନ୍‌ ବୃତ୍ତା | (୪) ଏକଟି ଶହରେର ନାମ । |
| (୫) ଆବୁରକର | (୫) ମୁସଲମାନଦେର ଏକଟି ସଂପ୍ରଦାର । |
| (୬) ଆଲ୍‌କିଞ୍ଚିଦ | (୬) ମାସାବର । |
| (୭) ଇବନ୍‌ଖାଲବ୍‌ନ | (୭) ଆରବୀୟ ଐତିହାସିକ । |
| (୮) ସୁନ୍ନୀ | (୮) ଏକଟି ମୁସଲମାନୀ ଅସ୍ତ୍ର । |
| (୯) ହିଜରୀ | (୯) ଆରବୀୟ ପଂଦିତ । |

ମୁକ୍ତିପ୍ରଶାସନ ପ୍ରସ୍ତୁତି

୧ । ବେଦ୍‌ଇନ କାହାଦିଗକେ ବଲା ହୁଯା ?

୨ । ହଜରତ ମହମ୍ମଦେର ଜୟମ କୋଥାମ ହଇଯାଛିଲ ?

୩ । ହଜରତ ମହମ୍ମଦେର ପିତା, ମାତା ଓ ପିତୃବ୍ୟେର ନାମ କି ?

୪ । ‘ହିଜରୀ’ ବାଲିତେ କି ବନ୍ଦ ?

୫ । ମର୍ଦିନାର ନାମ ପବେ କି ଛିଲ ?

୬ । କତ ଥ୍ରୀଟାବେ ହଜରତ ମହମ୍ମଦେର ଜୟମ ଓ ମୃତ୍ୟୁ ହଇଯାଛିଲ ?

୭ । ମୁୟାବିଯା କେ ଛିଲେନ ?

୮ । ମୁୟାବିଯା କୋନ୍‌ ଖଲିଫା ବଂଶେର ପ୍ରାତିଷ୍ଠା କରେନ ?

୯ । ଆନ୍ବାସୀ ବଂଶେର ସର୍ବଶ୍ରେଷ୍ଠ ଖଲିଫା କେ ?

୧୦ । ଇସଲାମେର ସର୍ବଶ୍ରେଷ୍ଠ ଧର୍ମପ୍ରକାଶ କି ?

୧୯୦୮ ଚତୁର୍ଦ୍ଦଶ ବ୍ୟାକ୍ଷୀତି ହିନ୍ଦୁ-ମୋହନ ପ୍ରକାଶନ କମ୍ପନୀ ଲେଖଣି ପଞ୍ଜିଆ ପାତ୍ର । ୩



ପଞ୍ଜିଆ ଇଡ଼ିଆଗେ ମଧ୍ୟମୁଗ୍ଧ

(ଆବୁମାନିକ ୮୦୦—୧୨୦୦ ଶ୍ରୀଃ ଅଃ)


ଶାଲ୍‌ମ୍ୟାନେର କାହିଁବି

ଯେ-ସକଳ ଜାର୍ମାନ ଉପଜାତିର ଆକ୍ରମଣେ ପଞ୍ଜିଆ ରୋମ ସାଗାଜ୍ୟେର ପତନ ସଟିଆଇଲ ତାହାଦେର ମଧ୍ୟ ଫାଙ୍କଗଣ ଏକସମୟେ ଥୁବଇ ପରାକ୍ରାନ୍ତ ହଇଯା ଉଠେ । ବର୍ତ୍ତମାନ ଫାଙ୍କ ଓ ଜାର୍ମାନର କତକାଂଶ ଲଇଯା ଗଠିତ ଛିଲ ଏହି ଫାଙ୍କରାଜ୍ୟ । ଆମରା ଯେ-ସମୟେର କଥା ବାଲିତେଛି, ତଥନ ଫାଙ୍କଗଣ ଧୈର୍ଯ୍ୟଧର୍ମ ପ୍ରଥମ କରିଯାଇଲ । ଏହି ଫାଙ୍କଗଣେର ମଧ୍ୟେ ଶ୍ରେଷ୍ଠ ସନ୍ତ୍ରାଟ ଛିଲେନ ଶାଲ୍‌ମ୍ୟାନ । ୭୬୮ ଧୈର୍ଯ୍ୟବେଦ ଶାଲ୍‌ମ୍ୟାନ ଫାଙ୍କଦେର ରାଜା ହନ । ଏଗନହାଡ୍ ନାମେ ଶାଲ୍‌ମ୍ୟାନେର ଏକଜନ ସଂଚବ ଛିଲେନ । ତିନି ଶାଲ୍‌ମ୍ୟାନେର ଏକଥଣ୍ଡ ଜୀବନୀ ରଚନା କରିଯାଇଲେନ । ଏହି ମଳ୍ୟବାନ ପ୍ରମଥ ହଇତେ ଶାଲ୍‌ମ୍ୟାନ ସମ୍ବନ୍ଧେ ଅନେକ କଥା ଜୀବିତ ପାରା ଯାଇ ।

ଶାଲ୍‌ମ୍ୟାନ ଛିଲେନ ଦୀର୍ଘକାଯ ଓ ବଳିଷ୍ଠ । ତାହାର ଚଳ ଛିଲ ସାଦା, ଚୋଥ ଛିଲ ଉଙ୍ଗଳ ଏବଂ ନାକ ଛିଲ ଟିକାଲୋ । ତିନି ଅସାଧାରଣ ଶକ୍ତିଶାଲୀ ଛିଲେନ ; ତରବାରିର ଏକ ଆସାତେଇ ଏକଟି ଅଶ୍ଵମହ ଅଶ୍ଵାରୋହୀକେ ଧରାଶାୟି କରିତେ ପାରିତେନ । ଶାଲ୍‌ମ୍ୟାନେର ପରିଶ୍ରମ କରିବାର କ୍ଷମତାଓ ଛିଲ ଅସାଧାରଣ । କି ଶୀତ, କି ଗ୍ରୀମ—କି ଯନ୍ତ୍ର, କି ଶାନ୍ତି, ବିଶ୍ରାମ ବଲିଯା ତାହାର କିଛି ଛିଲ ନା । ଅବଶ୍ୟ, ତିନି ଥୁବଇ ମିଶ୍ରକେ ଛିଲେନ, ସର୍ବଦା କର୍ମଚାରୀ ଓ ଅନୁଚରଦେର ସହିତ ଅବାଧେ ମେଲାମେଶା ଓ କୌତୁକ କରିତେନ । ସକଳକେ ଲଇଯା ଏକମେଣ୍ଡ ସାଂତାର କାଟିତେ ତିନି ବଡ଼ି ଭାଲବାସିତେନ ।

ଫାଙ୍କଦେର ରୀତି ଅନୁସାରେ ଶାଲ୍‌ମ୍ୟାନେର ପୋଶାକ ଛିଲ ଆଟ-ସାଁଟ । ତିନି ସାଧାରଣତଃ କୋଟ ଓ ରୂପାର କାଜ କରା ଯୋଜା ପରିତେମ ; ତାହାର କୋମରେ ସର୍ବଦାଇ ଏକଟି ବ୍ରହ୍ମ ତଲୋଯାର ଥାରିତ ; ତଲୋଯାରେର ହାତଳ ଓ ବ୍ରଦ୍ଧନୀତେ ଛିଲ ସୋନା ଓ ରୂପାର ଝନ୍ଦର କାଜ । ତାହାର ବାଦାମୀରଙ୍ଗେ ଏକଟି ପ୍ରକାଣ୍ଡ ଘୋଡ଼ା ଛିଲ । ଏହି ଘୋଡ଼ାର ପିଠେ ଚଢ଼ିଯା ଶାଲ୍‌ମ୍ୟାନ କମପକ୍ଷେ

চুয়ান্নাটি অভিযান করিয়াছিলেন। এই যুদ্ধযাত্রাসমূহ তাহার খেয়াল বা শব্দের বিষয় ছিল না; কিংবা শত্রুমাত্র রাজ্য জয় করিবার জন্যই তিনি এগুলি করেন নাই। রোম সাম্রাজ্য ভাঙ্গিয়া গেলে সমগ্র ইউরোপে যে



শাল'ম্যান

বৰ'রতা ও অরাজকতা নাময়া আসিয়াছিল, শাল'ম্যান চাহিয়াছিলেন এ অবস্থা দূর করিয়া দেশে শান্তি ও শৃঙ্খলা ফিরাইয়া আনিতে। শাল'ম্যানের এই অগণিত যদ্দের ফলশ্রীতি হিসাবে বত'মান ফ্রান্স, বেলজিয়াম, হল্যাণ্ড, স্লাইজারল্যাণ্ড, স্পেন ও ইটালির উত্তরাংশ এবং জার্মানির অধিকাংশ অঞ্চল জড়িয়া বিশাল ফ্রান্স সাম্রাজ্য গড়িয়া উঠিয়াছিল।

জার্মানির উত্তর-পূর্বে ছিল স্যাক্সন উপজাতির রাজ্য। স্যাক্সনরা শ্বেষিতধর্মাবলম্বনী ছিল না। দুর্ধৰ্ম স্যাক্সনদের সহিত শাল্ম্যান দৈর্ঘ্যকাল যন্দুর করিয়াছিলেন। স্যাক্সনরা স্থযোগ পাইলেই বিদ্রোহ করিত। শেষ পর্যন্ত শাল্ম্যান তাহাদের পরাজিত করেন এবং তাহাদের কঠোর হস্তে দমন করিয়া শ্বেষিতধর্ম গ্রহণ করিতে বাধ্য করেন। শাল্ম্যানের অপর যন্দুর্ধগৰ্ণিলর মধ্যে লম্বাড' ও শ্পেনীয়দের সহিত যন্দুর বিশেষ উল্লেখযোগ্য। লম্বাড' নামে জার্মান উপজাতিদের রাজা ছিলেন ডেসিডেরিয়াস্।



শাল্ম্যন সিংহসনে বসিবার কিছুকালের মধ্যেই ডেসডেরিয়াস্‌ রোম
অভিমুখে অভিযান করেন। রোমের পোপ লিবার্ড'দের বাধা দিবার জন্য
শাল্ম্যনকে অনুরোধ করেন। এই অনুরোধে সাড়া দিয়া শাল্ম্যন
ডেসডেরিয়াস্‌কে পরাজিত করিয়া নিজেই লিবার্ড'দের রাজা হন।

স্পেনের আরবীয়দের সহিত শার্ল'ম্যানের যদ্ধ ইতিহাস-প্রসিদ্ধ
ঘটনা। স্পেনের তখনকার সুলতান আবদ্দল রহমানের সাহিত দেশের
কর্তিপয় প্রধান ও প্রতিপাত্তিশালী ব্যক্তির বিবাদ বাধিলে প্রধানের

শাল'ম্যানকে স্পেন আক্রমণ করিতে আমন্ত্রণ জানান। শাল'ম্যান এই স্বযোগ গ্রহণ করিয়া সৈন্যে স্পেনের দিকে অগ্রসর হন। যদৃধি চলাকালে শাল'ম্যান সংবাদ পান যে স্যাক্সনরা বিদ্রোহ করিয়াছে। সৈন্যসাম্রাজ্য লইয়া শাল'ম্যান স্পেন হইতে চলিয়া আসেন। ফিরিবার পথে এক বিরাট দুর্যোগ নামিয়া আসে। অধিকাংশ সৈন্যসহ শাল'ম্যান ইতিমধ্যেই অগ্রসর হইয়া গিয়াছিলেন। সৈন্যদলের শেষ অংশ যখন একটি গিরিপথের মধ্য দিয়া অগ্রসর হইতেছিল, তখন আরবীয়গণ তাহাদিগকে আক্রমণ করিয়া সংপ্রদৃশ্য বিধৰণ করিয়া দেয়। শাল'ম্যানের সৈন্যরা বীরত্বের সহিত যদৃধি করিয়াও শেষ রক্ষা করিতে পারে না। এই শেষ দলে ছিলেন ইতিহাস-বিখ্যাত সেনাপতি শাল'ম্যানের আতুর্পত্র রোলাঞ্ড। রোলাঞ্ড খুবই বীরত্বের সহিত যদৃধি করেন। তাঁহার বিখ্যাত তরবারি 'চুরাংডাল'-এর সাহায্যে রোলাঞ্ড বহু শত্রুসেন্য হত্যা করেন। শেষ পর্যন্ত তিনি যদৃধক্ষেত্রেই প্রাণ দেন। শাল'ম্যান সংবাদ পাইয়া যখন সৈন্যে যদৃধক্ষেত্রে ফিরিয়া আসেন তখন সব শেষ। আরবীয়দের সহিত শাল'ম্যান ও রোলাঞ্ডের বীরত্বপূর্ণ যদৃধের কাহিনী লইয়া সেই ঘণ্টে একটি গৌরিতকাব্য রচিত হইয়াছিল। ইহার নাম 'সঙ্গ-অব-রোলাঞ্ড' বা রোলাঞ্ড-গৌরি। মধ্যযুগে ইউরোপের চারণ কবিবা এই গৌরি গ্রামে গ্রামে গাহিয়া বেড়াইত।

শাল'ম্যান যখন প্রাতিপত্তির চরম শিখরে, তখন রোমের পোপ ছিলেন তৃতীয় লিও। ঘটনাক্রমে পোপের সহিত শাল'ম্যানের বশধৰ্ম জন্মে। মহামান্য পোপ তাঁহার শগ্রদের হাতে নানা বিপদে পাড়িয়া শাল'ম্যানের আশ্রয় ভিক্ষা করিলে শাল'ম্যান তাঁহাকে বিপদ হইতে রক্ষা করিয়াছিলেন। একবার শাল'ম্যান রোমে বেড়াইতে আসেন এবং সেন্ট পিটার্স গির্জায় প্রাথ'না করিতে যান। প্রাথ'নার পর পোপ লিও হঠাৎ তাঁহার মাথায় মুকুট পরাইয়া দিয়া, তাঁহাকে পরিব্রত রোম সাম্রাজ্যের সঘাট বলিয়া ঘোষণা করেন। এই ঘটনার মধ্য দিয়া আবার পাঁচম রোম সাম্রাজ্যের উদ্ভব হয়। যে জার্মান উপজাতিদের আক্রমণে রোম সাম্রাজ্য ধরংস হইয়াছিল, সেই জার্মানদেরই একজন রাজা শাল'ম্যান আবার রোমের সঘাট হইলেন।

প্রকৃতপক্ষে প্রাচীন রোমান সাম্বাজের সহিত এই পরিবর্ত্র রোম সাম্বাজের বিশেষ কোন সংপর্ক ছিল না ; পরিবর্ত্র রোম সাম্বাজ আসলে ফ্রাঙ্কদের সঘাট শাল'ম্যানের প্রতিষ্ঠিত এক নতুন সাম্বাজ। শাল'ম্যান রোম সঘাট হইবার পর সাম্বাজের প্রাচীন গোরব আবার ফিরাইয়া আবিবার চেষ্টা করেন।

শাল'ম্যান চাহিয়াছিলেন সঘাটের শক্তি ও ধর্মের প্রভাবে সমস্ত থৈটান জগতে এক্য স্থাপন করিতে। তাঁহার এই আন্তরিক প্রচেষ্টা অনেকাংশে সফলতা লাভ করিলেও দীর্ঘস্থায়ী হয় নাই।

অভিষেকের গুরুত্ব—রাষ্ট্র ও চার্চের সম্পর্ক
প্রথা^১ যেইসব সাম্বাজ স্থাপিত হইয়াছিল, সেইসব সাম্বাজের সঘাটগণ বাহুবলে বা উত্তরাধিকার সুত্রে সঘাট হইয়াছিলেন। কিন্তু শাল'ম্যান এবং পরে অটো পোপ কর্তৃক সঘাট বলিয়া ঘোষিত হইয়াছিলেন। কলে এই ধারণার সূর্য্য হইয়াছিল যে, ইহাদের সঘাট পদ রোমান চার্চের দান। তাই এখন সঘাট প্রধান, না চাচ^২ প্রধান, তাহা লইয়া পশ্চ উঠিল। সঘাট শাল'ম্যান বা সঘাট অটোর সময়ে এই পশ্চ তুলিবার সাহস চার্চের ছিল না। কিন্তু দুর্বল সঘাটদের সময়ে এই পশ্চ মাথাচাড়া দিয়া উঠিল।

মধ্যযুগে যে সাম্নতার্মস্ক প্রথা ছিল, তাহাতে রাজা বা সঘাটে দেশের সমস্ত ভূসম্পত্তির মালিক ছিলেন। আনন্দগত্যের বিনিময়ে এই ভূসম্পত্তি চার্চকেও রাজা বা সঘাটের নিকট হইতে গ্রহণ করিতে হইত। এদিক হইতে বিচার করিলে রাজা বা সঘাট চার্চের পত্র। কিন্তু চাচ^৩ সঘাটকে অভিষিক্ত করায় সঘাট-পদ চার্চেরই দান হইয়াছিল। এদিক হইতে বিচার করিলে চাচই সঘাটের পত্র। এই স্বতংবিরোধী অবস্থার ফলে রাষ্ট্র ও চার্চের প্রধান লইয়া সঘাট ও পোপদের মধ্যে প্রায়ই তীব্র বিরোধ দেখা দিত। কোন সঘাট চার্চকে উপেক্ষা করিলে চাচ^৪ তাঁহাকে ধর্মচ্ছাত্র ও সমাজচ্ছৃত ঘোষণা করিত এবং সঘাট ও তাঁহার প্রজারা ধর্মীয় আচার-অনুষ্ঠানের স্বয়েগ হইতে বাঁচিত হইতেন। সঘাট সঘাজচ্ছৃত ও ধর্মচ্ছৃত ঘোষিত হওয়ায় শক্তিশালী সাম্নতরা সঘাটের বিরুদ্ধে বিদ্রোহ

কারিবার স্থযোগ পাইত। অন্যপক্ষে সংস্কৃত শাস্ত্রশালী হইলে তিনি সঁস্ক্রিতে
উপস্থিত হইয়া পোপকে বিভাড়িত করিতেন। চার্চ কর্তৃক অভিষেকের
ফলে রাষ্ট্র ও চার্চের মধ্যে এই দ্বন্দ্ব দেখা দিয়াছিল এবং এই দ্বন্দ্ব
সুদীর্ঘকাল স্থায়ী হইয়াছিল।

রাজসভা ও শিল্প-সাহিত্যের পৃষ্ঠপোষকতা

শাল্ম্যান জার্মানির আকেন শহরে নতুন রাজধানী স্থাপন
করিয়াছিলেন। সেখানে তিনি জমকাল সব রাজপ্রাসাদ ও গির্জা ইত্যাদি
নির্মাণ করান। তিনি নিজে ছিলেন নিরক্ষর; কিন্তু বিদ্যাচর্চার প্রতি
তাঁহার অসীম অনুরাগ ছিল। তিনি নিজে পৌর ও ল্যাটিন ভাষায় লেখা
বই পড়িতে শেখেন এবং লেখা শিখিতে চেষ্টা করেন। নিজের সাম্রাজ্যে
জ্ঞানচর্চা প্রসারের জন্য দেশ-বিদেশ হইতে তিনি বিখ্যাত পাংড়তদের
আনয়ন করিয়াছিলেন। তখনকার দিনের ইউরোপের সর্বশ্রেষ্ঠ পাংড়িত
অ্যালকুইনকে তিনি নিজের পরামর্শদাতা ও সভাপাংড়িতের আসনে
অধিষ্ঠিত করিয়াছিলেন। বিভিন্ন দেশ হইতে আগত পাংড়তজনেরা
শাল্ম্যানের সাম্রাজ্যের নানাস্থানে বিদ্যালয় স্থাপন করেন এবং শাল্ম্যান
নিজেই রাজপ্রাসাদের মধ্যে একটি বিদ্যালয় স্থাপন করিয়াছিলেন।
সাম্রাজ্যের মধ্যে কোথাও কোন প্রতিভাশালী ছাত্রের সম্মান পাইলে,
তাহাকে তিনি রাজপ্রাসাদের বিদ্যালয়ে পাংড়িবার স্থযোগ দিতেন। তাহা
ছাড়া বিভিন্ন গির্জা ও মঠগুলিতে বিদ্যালয় খোলা হইয়াছিল। এইরূপে
শাল্ম্যানের উৎসাহ ও প্রচেষ্টায় সেই যুগে ইউরোপে বিদ্যাচর্চার যথেষ্ট
প্রসার সাধিত হয়। তিনি তাঁহার সাম্রাজ্যে বহু স্বরম্য প্রাসাদ ও গীর্জা
নির্মাণ করিয়া স্থাপত্য শিল্পের পৃষ্ঠপোষকতা করেন। তাই ইউরোপের
অন্ধকার যুগের প্রদীপ, শাল্ম্যানকে সভ্যতা ও সংস্কৃতির রক্ষক ও
বাহক হিসাবে ইতিহাসে গ্রেট বা মহান উপাধিতে ভূষিত করা হইয়া
থাকে। শাল্ম্যান শব্দের অর্থ মহান চাল্ম্য। ৮১৪ ধৈস্টাব্দে
শাল্ম্যানের মৃত্যু হয়।

ଶ୍ରୀଷ୍ଟାଳ ଅର୍ଥ ଓ ସମ୍ବନ୍ଧୀୟଦେର କଥା

ମଧ୍ୟୟୁଗେ ଶ୍ରୀଷ୍ଟାଳ ସମ୍ବନ୍ଧୀୟଦେର ମଠ ସାମାଜିକ ସଂଗଠନେ ଏକ ଗ୍ରହଣପଣ୍ଡିତଙ୍କ ଭୂମିକା ପାଲନ କରିଯାଇଛି । ଏଇ ମଠନିବାସୀ ଶ୍ରୀଷ୍ଟାଳଦେର ମଧ୍ୟ ପରିଷ ଓ ଶ୍ରୀ, ଦ୍ୱାଇ-ଇ ଛିଲେନ । ପରିଷଦେର ବଲା ହିତ ‘ମଙ୍କ’ ଏବଂ ଶ୍ରୀଦେର ବଲା ହିତ ‘ନାନ’ । ପରିଷଦେର ମଠକେ ‘ମନଟାରି’ ଏବଂ ଶ୍ରୀଲୋକଦେର ମଠକେ ‘ନାନାରି’ ବଲା ହିତ । ସମ୍ବନ୍ଧୀୟଦେର ମଠର ପ୍ରଧାନ ଅଧ୍ୟକ୍ଷକେ ବଲା ହିତ ‘ଆସଟ’ ବା ‘ପ୍ରାସର’ । ସମ୍ବନ୍ଧୀୟଦେର ମଠର ଅଧ୍ୟକ୍ଷ ‘ଆସେସ’ ବା ‘ପ୍ରାସରେସ’ ନାମେ ପରାଚିତ ଛିଲେନ । ଇହାରା ନିଜେଦେର ଜୀବନେର କଥା ଭାବିତେନ ନା । ଇହାରା ବିବାହପଣ୍ଡିତ କରିତେନ ନା । ଆଉତ୍ୟାଗ, ସେବା, ଦିଲନ୍ଧଜୀବନ ଯାପନ, ଶର୍ଚ୍ଛତା, ଧର୍ମାନ୍ଵବିତ୍ତତା ଓ ବିଦ୍ୟାଚର୍ଚାର ଜନ୍ୟ ଇହାରା ବିଖ୍ୟାତ ଛିଲେନ । ଶିଷ୍ୟଦେର ଓ ଇହାରା ନିଜେଦେର ଆଦଶେ ‘ଶିକ୍ଷିତ କରିଯା ତୁଳିତେନ । ମଧ୍ୟୁଗେର ଇଉରୋପେର ନାନାସ୍ଥାନେ ଏହିରପେ ଅସଂଖ୍ୟ ‘ମନଟାରି’ ଓ ‘ନାନାରି’ ଗାଡ଼ିଯା ଉଠିଯାଇଛି ।

ମଠନିବାସୀ ସମ୍ବନ୍ଧୀୟ ଏବଂ ସମ୍ବନ୍ଧୀୟଦେର ଜୀବନ ଓ କାର୍ଯ୍ୟାବାରାୟ ଦେଖା ଯାଯ, ଇହାରା ବିଭିନ୍ନ ସଂପଦାଯେ ବିଭକ୍ତ ଛିଲେନ ; ଯେମନ—ବୈନିଡିକ୍ଟିନ, ସିଙ୍ଟାରସିଯାନ, କାରିଥିଉସିଯାନ ପ୍ରଭୃତି । ଏଇ ସଂପଦାସଙ୍ଗାଳିର ମଧ୍ୟ ଶ୍ରୀଷ୍ଟାଳ ସଞ୍ଚିତ ଶତାବ୍ଦୀତେ ସେଣ୍ଟ ବୈନିଡିକ୍ଟ ଯେ ସମ୍ବନ୍ଧୀୟ ସଂପଦାସ ଗାଡ଼ିଯା ତୋଲେନ, ସେହିଟି ସର୍ବାପଞ୍ଚକ ପ୍ରାଚୀନ ଓ ବିଖ୍ୟାତ । ସେଣ୍ଟ ବୈନିଡିକ୍ଟର ନାମାନ୍ତରାରେ ଏଇ ଏଇ ସଂପଦାସ ବୈନିଡିକ୍ଟନ ସଂପଦାସ ନାମେ ପରାଚିତ । ମଧ୍ୟୁଗେର ନାନାପ୍ରକାର ଅନାଚାର ଓ ଭୋଗ-ବିଲାସେର ମଧ୍ୟ ଧାର୍ମିକ ମାନବଦେର ମନେ କଯେକଟି ବିଷୟେ ଚିନ୍ତାର ଉଦୟ ହୁଯ । ତାହାରା ମନେ କରେନ, ଏଇ ଅନିତ୍ୟ ସଂସାର-ଜୀବନ ଓ ଭୋଗ-ବିଲାସ ହିତେ ସଂପଣ୍ଡ ଦରେ ଥାକିଯା କୋନ ନିର୍ଜନ ମ୍ଥାନେ ଭଗ୍ୟ-ଚିନ୍ତାର ମଧ୍ୟେଇ ପ୍ରକୃତ ମର୍ଦ୍ଦକ୍ଷ ଆଛେ । ଏଇ ଚିନ୍ତା ହିତେହି ମଳତ ଅର୍ଥ-ଜୀବନେର ସଂପାତ ।

ସେଣ୍ଟ ବୈନିଡିକ୍ଟ

ସେଣ୍ଟ ବୈନିଡିକ୍ଟ ୪୮୦ ହିତେ ୫୪୪ ଶ୍ରୀଷ୍ଟାଳଦେର ମଧ୍ୟ ଜୀବିତ ଛିଲେନ । ତିନି ଇଟାଲୀର ମେଲୋତୋ ନାମକ ମ୍ଥାନେ ଏକ ସମ୍ଭାବ ପାଇବାରେ ଜ୍ଞମଗ୍ରହଣ

করেন। তৎকালীন দণ্ডনীতি ও অনাচার তাঁহাকে ব্যাকুল করিয়া তুলে। যব্বা বয়সে তিনি তাঁহার চারিপাশের অনাচার হইতে দ্বারে রোমের সন্ধিকটে অবস্থিত সার্বিনা পাহাড়ে ঢালয়া যান। তথায় তিনি প্রায় তিন



সেন্ট বেনিডিক্ট (একজন মঠসন্নাসী)

বৎসর সাধুর জীবন পালন করেন। সাধু হিসাবে তাঁহার খ্যাতি ক্রমশঃ ছড়াইয়া পড়ে; বেশ কিছু শিষ্য-সামগ্র্যও তিনি সংগ্ৰহ কৰিতে সক্ষম হন। অবশেষে নিজেদের নেতৃত্বেই একটি সংপ্রদায় গড়িয়া তোলেন এবং রোম ও নেপলস-এর মধ্যবর্তী ‘মণ্টে ক্যাসনো’ নামক স্থানে নিজের মনস্টারি বা মঠ প্রতিষ্ঠা করেন। কালক্রমে ‘মণ্টে ক্যাসনো’ মঠ সন্ধ্যাসীদের ক্ষেত্ৰে পঞ্চম ইউরোপের প্রধান কেন্দ্ৰ হিসাবে খ্যাতি লাভ কৰে। পরে বেনিডিক্টন সংপ্রদায়ের অসংখ্য মঠ গড়িয়া উঠিয়াছিল।

মণ্টে ক্যাসনোৰ সন্ধ্যাসীদেৱ সংযম ও সুস্থ জীবন যাপনেৱ উদ্দেশ্যে সেন্ট বেনিডিক্ট কতকগুলি নিয়মকানন্দনেৱ প্ৰবৰ্তন কৰেন। সন্ধ্যাসীদেৱ ছিল একটি নিজস্ব স্বয়ংশাসিত সংস্থা—তাহার প্ৰধান ছিলেন অ্যাবট। মনস্টারিতে প্ৰবেশকালে প্ৰত্যেককেই অ্যাবটেৱ নিকট আন্দুগত্যেৱ শপথ গ্ৰহণ কৰিতে হইত। এক বৎসৰ শিক্ষান্বিসেৱ জীবন অতিবাহিত কৰিয়া সন্ধ্যাসীৰা মূল মনস্টারিতে প্ৰবেশেৱ স্বযোগ পাইতেন। ধৰ্মী, গৱৰীব, সম্ভাস্ত কিংবা চাষী—সকল সংপ্ৰদায়েৱ লোকেৱ নিকট মনস্টারি উন্মুক্ত

ছিল। এইরপে প্রবেশলাভের পর সন্ধ্যাসৌদের কঠোর শৃঙ্খলার মধ্যে জীবন যাপন করিতে হইত। সন্ধ্যাসৌদের নিজস্ব কোন সম্পত্তি থাকিতে পারিত না। অ্যাবটের অনুমতি ভিন্ন সন্ধ্যাসৌরা মনস্টারির বা মঠের বাহিরে যাইতে পারিতেন না; এমন কি গহ হইতে কোন পত্র ইত্যাদি গ্রহণ করাও নিষিদ্ধ ছিল। এই সকল নিয়ম অমান্য করিলে সন্ধ্যাসৌদের শাস্তি দেওয়া হইত। শাস্তির মধ্যে ভৎসনা, মিলিত প্রাথ'না-সভা হইতে বাদ দেওয়া, মনস্টারি হইতে বাহিকার প্রভৃতি ছিল প্রধান। সেণ্ট বৈনার্ডস্টের এই নিয়মাবলী সারা পশ্চিম ইউরোপে ব্যাপক প্রভাব বিস্তার করিয়াছিল।


সেণ্ট বৈনার্ডস্টের মঠ-জীবন ও বাহিজী'বনের মধ্যে একটি সীমা নির্দিষ্ট করিয়া দিতে চাহিয়াছিলেন। কাজেই একটি মনস্টারির বা মঠকে তিনি সর্বাদিক হইতে স্বয়ংসংপূর্ণ^১ করিয়া গাড়িয়া তুলিতে চেষ্টা করেন। অবশ্য কালক্রমে এক-একটি মঠ সংপদে ও ঐশ্বর্যে^২ বিপূলাকার ধারণ করে। এক-একটি মঠের অধীনে বহু একর জামি, অসংখ্য মঠবাসী, অপর্যাপ্ত সংপদ থাকিত। চারিদিকে বিশাল দেওয়াল দিয়া দেরো এক-একটি মঠকে ছোটখাট শহরের সাহিত তুলনা করা চলিত।

মধ্যযুগে জ্ঞানের আলো জ্বালাইয়া রাখিয়াছিল এই সকল মঠ ও তাহার সন্ধ্যাসীগণ। বিদ্যাচর্চা করিয়া, স্থানীয় শিষ্যদের শিক্ষাদান করিয়া, পাণ্ডুলিপি রচনা ও অন্ধলিপি করিয়া তাঁহারা সভ্যতার অগ্রগতির ধারাকে রক্ষা করিয়াছিলেন। বিদ্যালয়ে তাঁহারা উভয়বিধি শিক্ষাদানই করিতেন। যাহারা পরবর্তী^৩ জীবনে যাজক বা সন্ধ্যাসী হইতে চাহিত অথবা যাহারা পার্থ'ব বিশ্বে কর্মব্যূত জীবন যাপন করিতে ইচ্ছুক, উভয় প্রকার মানুষই সেখানে শিক্ষালাভ করিতে পারিত। মনস্টারিগুলি প্রাচীন যুগের বিখ্যাত লেখকদের অমল্য প্রলিখসমূহের অন্ধলিপি করিয়া তাহা সংরক্ষিত রাখিয়াছিল। নতুবা এই সকল অমল্য সংপদ চিরকালের জন্য বিনষ্ট হইয়া যাইত। তাহা ছাড়া সমকালের গুরুত্বপূর্ণ^৪ ঘটনা-সমূহের বিবরণও তাহারা রক্ষা করিবার ব্যবস্থা করিয়াছিল, যাহা হইতে মধ্যযুগের ইতিহাস সংবন্ধে অনেক কথা জানিতে পারা যায়। সর্বেপরি

দৰিদ্ৰের সেবা, রোগীৰ শ্ৰদ্ধা প্ৰভৃতি কাৰ্যাবলী সন্যাসীৰা পৰম ভৰ্ত্তভৰে আন্তৱিকতাৰ সহিত পালন কৰিতেন। মানবসভ্যতা এবং মনুষ্যজৰুৰেৰ বক্ষক হিসাবে মঠবাসী সন্যাসীদেৱ কাৰ্যাবলী প্ৰশংসাৰ অপেক্ষা রাখে না।

মঠগুলিকে দুর্বীভুমুক্ত কৰাৰ চেষ্টা—ক্লুনি

ক্ৰমে এই জাতীয় মঠগুলিতে নানাপকাৰ দৰ্শণীতি, বেআইনী অথৰ্ব প্ৰহণ ইত্যাদিৰ ফলে এগুলিৰ পতন ঘটিতে শুৱু কৰে। থৈষ্টীয় দশম শতাব্দীৰ প্ৰথম দিকে প্ৰব্ৰায় এই মঠগুলিৰ ক্ষেত্ৰে এক সংস্কাৰমুখী



একটি আদুশ মনস্টাৱিৰ নকশা

- (১) গিৰ্জা। (২) নিঝেন স্থান—উভয়বিকে সন্যাসীদেৱ গ্ৰহ। (৩) ভোজনালয়।
- (৪) শিক্ষান্বিশদেৱ আবাস কক্ষ ও চৰ্কি�ৎসালয়। (৫) সন্যাসীদেৱ সমাধি স্থান। (৬) সৰবজিৰ বাগান। (৭) হাঁস-ঘৰ-গিৰি আবাস। (৮) রুধনশালা, বেকাৰিৰ কাৰখনা, ভাঙ্ডাৰকক্ষ ইত্যাদি। (৯) গবাদি পশুৰ আবাসস্থল। (১০) খামার গ্ৰহ। (১১) বিদ্যালয়, অৰ্থিতশালা, অনুলিপি কৰিবাৰ কক্ষ ইত্যাদি।

আন্দোলন আৰম্ভ হয়। এই আন্দোলনেৰ প্ৰধান কেন্দ্ৰ ছিল প্ৰথম ডিউক উইলিয়ম প্ৰতিষ্ঠিত ফ্ৰান্সেৰ বাগৰ্ডীয় প্ৰদেশেৰ ক্লুনি মঠ। মঠাধ্যক্ষ ওডোৰ নেতৃত্বে এই আন্দোলন সফল আকাৰ ধাৰণ কৰে। ডিউক নিজেৰ এবং তাঁহার উত্তোলিকাৱীদেৱ সকল অধিকাৰ ক্লুনি মঠেৰ পক্ষে মৈবজ্ঞায় ত্যাগ কৰেন। ফলে, যে অভিজ্ঞাততন্ত্ৰ অতীতে বহু মঠেৰ পতনেৰ কাৰণ ছিল, তাহা হইতে ক্লুনি সংপ্ৰণ মৃক্ত হয়। ওডো ক্লুনিৰ

নিয়ন্ত্রণের অন্তর্গত মঠসমূহে শৃঙ্খলার পরিবেশ আনয়ন করেন। মঠাধ্যক্ষগণের ব্যক্তিগত গৃহাবলী এবং মজবুত সংগঠনের মাধ্যমে ক্লুনি অচিরেই গৌরবের শীর্ষস্থানে উঠে। এই ক্ষেত্রে পরবর্তী সময়ের মঠাধ্যক্ষগণের মধ্যে অ্যার্ডলো এবং হিউ-এর অবদান উল্লেখযোগ্য। এই মঠের অন্যতম সম্যাসী হিল্ডেরাংড পোপদের পরামর্শদাতারপে কাজ করিতেন এবং তাঁহার চেষ্টায় পোপগণ ক্লুনি মঠের আদশ গ্রহণ করিয়াছিলেন। পরে হিল্ডেরাংড নিজে সপ্তম প্রেগার নামে পোপ হইয়াছিলেন। তাঁহার সময়ে চার্চকে রাজা ও সন্তাটদের প্রাধান্য হইতে মুক্ত করিবার প্রবল চেষ্টা হইয়াছিল। চার্চের নির্দেশ অন্যান্য করায় সন্তাট চতুর্থ হেনরিকে ধর্মচ্ছাত্র ও সমাজচ্ছাত্র করিয়া এবং পারিশেষে অন্তপ্রতি হইয়া চার্চের নিকট হীনভাবে মার্জনা ভিক্ষা করিতে তিনি বাধ্য করিয়াছিলেন। একাদশ শতাব্দীর শেষাদিকে ক্লুনির নিয়ন্ত্রণাধীন মঠের সংখ্যা ছিল প্রায় দ্বাইশত।

ইল্বেস্টচার বা আনুগত্যের বিনিয়য়ে ভূম্পত্তি জাত

সন্তাট, রাজা ও সাম্রাজ্য চার্চকে আনুগত্যের শপথের বিনিয়য়ে ভূম্পত্তি দান করিতেন। এইরূপে চার্চ বিপুল ধনসম্পত্তির অধিকারী হইয়াছিল। এই প্রথার দ্বারা সন্তাট, রাজা ও সাম্রাজ্যগণের চার্চের উপর প্রাধান্য স্থাপিত হইয়াছিল। ক্লুনি মঠের প্রেরণায় চার্চ এই প্রথার ঘোর বিরোধিতা করিতে থাকে এবং সন্তাট, রাজা ও সাম্রাজ্যগণের উপর নিজেদের প্রাধান্য ও শ্রেষ্ঠত্ব স্থাপনের চেষ্টা করে। ফলে চার্চের সহিত রাষ্ট্রের বিরোধ চালিতে থাকে। বহু সন্তাট ও রাজাকে চার্চ সমাজচ্ছাত্র ও ধর্মচ্ছাত্র করে, আবার বহু শাস্ত্রশালী সন্তাট পোপকে বাহুবলে বিতাড়িত করেন।

অধ্যয়নের শিক্ষা—বিশ্ববিদ্যালয় ও অনীয়ন্ত্রিত কথা

অধ্যয়নের ইউরোপে শিক্ষাবিষ্টারে বিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়গুলির ভূমিকা উল্লেখযোগ্য। সাধারণতঃ প্রধান গির্জা ও মঠগুলির নেতৃত্বেই এই বিদ্যাচর্চা হইত। পরে সন্তাট শালুম্যান দেশে বহু বিদ্যালয় প্রতিষ্ঠা করিয়াছিলেন। এই জাতীয় বিদ্যালয় ছাড়াও আরও একপ্রকার

বিদ্যাচর্চাৰ কেন্দ্ৰ গড়িয়া উঠিয়াছিল ; সেইগুলি রক্ষণাবেক্ষণ কৰিত শহৱেৰ গাঁড় বা বণিকসংঘ । পৰে মধ্যযুগে বহু বিশ্ববিদ্যালয় গড়িয়া উঠিয়াছিল । এই সময়ে ইউরোপে বিশ্ববিদ্যালয়েৰ সংখ্যা নিতান্ত কম ছিল না । বত'মান যুগেও কমপক্ষে পঞ্চাশটি বিশ্ববিদ্যালয় আছে যাহাদেৰ সন্তুপাত হইয়াছিল মধ্যযুগে । একাদশ ও দ্বাদশ শতাব্দীতে ইউরোপে শিক্ষা ও সংস্কৃতিৰ ক্ষেত্ৰে একটি জাগৱণ আসে ; আৱ, এই জাগৱণেৰ পশ্চাতে আৱবীয় সভ্যতাৰ অবদান ছিল অনেকথানি । কোন কোন শিক্ষকেৰ ব্যক্তিহেৰ উপৰ নিভ'ৰ কৰিয়া এক-একটি বিশ্ববিদ্যালয় গড়িয়া উঠিত । পাংতত অ্যাবেলাড' তাহাৰ প্ৰকৃষ্ট উদাহৰণ । যুক্ত অ্যাবেলাড' এক সময়ে প্ৰ্যারিসে আসিয়া নটৱডাম গিজাৰ বিদ্যালয়ে জনৈক শিক্ষকেৰ বন্ততা শৰ্নিতৰ্ণেছিলেন । সেখানে তিনি যুক্ত-তকে' শিক্ষককে পৱাস্ত কৱেন । এই ঘটনায় অ্যাবেলাড'ৰ খ্যাত ছড়াইয়া পড়ে এবং তিনি যথেষ্ট শিষ্য লাভ কৱেন । কিছুদিনেৰ মধ্যেই অ্যাবেলাড'ৰ বিশ্ববিদ্যালয় শু্ব্ৰ হইয়া যায় একটি গিজাৰ ছায়ায় । মধ্যযুগেৰ বিখ্যাত প্ৰ্যারিস বিশ্ববিদ্যালয়েৰ সুচনা এইভাবেই হইয়াছিল । কথনও কথনও কয়েকজন শিক্ষক মিলিয়া এইৱেপ বিশ্ববিদ্যালয় গঠন কৰিতেন । তাহাদেৰ নিকট ছাত্ৰা আসিয়া শিক্ষালাভ কৰিত ; আবাৱ অনেক সময় ছাত্ৰা মিলিয়া বিশ্ববিদ্যালয় স্থাপন কৰিত এবং তাহাৱা বেতন দিয়া শিক্ষক নিযুক্ত কৰিত । এইসকল প্ৰতিষ্ঠানে সকল দেশ হইতেই ছাত্ৰ এবং শিক্ষক আসিয়া যোগদান কৰিতে পাৰিত ।

মধ্যযুগেৰ বিশ্ববিদ্যালয়গুলি যুক্ত ব্যৱসাধ্য ছিল না ; বড় বড় প্ৰস্তুকাগাৱ, পৰীক্ষাগাৱ বা সংগ্ৰহশালাৰ প্ৰয়োজন ছিল না । এমন কি চেয়াৱ, বেঁশি না থাকিলেও চালিত । মেৰেতে বসিয়াই ছাত্ৰা শিক্ষালাভ কৰিত । মুদ্ৰাযন্ত্ৰেৰ অভাবে মূল্যবান গ্ৰন্থেৰ সংখ্যা ছিল যুক্ত কম ; যাহাৰ বা ছিল তাহা অতি যন্ত্ৰে স্বৰূপিত অবস্থায় থাকিত । শিক্ষকগণ বন্ততাৰ মাধ্যমে প্ৰধানতঃ শিক্ষা দিতেন । কথনও কথনও শিক্ষকেৰা প্ৰস্তুক লইয়া ক্লাসে যাইতেন এবং জোৱগলায় উছা পাঠ কৰিতেন । শিক্ষকগণেৰ অধিকাংশই ছিলেন যাজক সম্পদায়েৰ লোক এবং ছাত্ৰাণ্ড প্ৰধানতঃ যাজক হইবাৰ উদ্দেশ্যেই বিশ্ববিদ্যালয়ে পড়িতে আসিত । গিজাৰ

অধীনস্থ বিশ্ববিদ্যালয়গুলির ছাত্ররা কতকগুলি বিশেষ স্বীকৃতি ভোগ করিত। যাজক হওয়ার স্বাদে তাহাদের কর দিতে হইত না বা সৈন্য-বাহিনীতে যোগদান না করিলেও চালিত এবং তাহাদের বিচারও নিজস্ব সংগঠনেই হইত।

বিশ্ববিদ্যালয়গুলিতে বিভিন্ন বিষয়ে শিক্ষা দেওয়া হইত ; যেমন— ব্যাকরণ, অলংকার, গণিত, জ্যামিতি, জ্যোতিষ, সংগীত, তর্কশাস্ত্র, ধর্মীয় তত্ত্ব, আইনশাস্ত্র, চিকিৎসা-বিজ্ঞান প্রভৃতি। এই যুগে ইংলণ্ডের অক্সফোর্ড' ও কেন্সিংটন, ফ্রান্সের প্যারিস, জার্মানির হাইডেলবাগ', ইটালির বলোনিয়া ও সালের্না' এবং স্পেনের কর্ডোবা বিশ্ববিদ্যালয় বিখ্যাত ছিল। কোন কোন বিশ্ববিদ্যালয় আবার কোন বিশেষ বিদ্যার জন্য বিখ্যাত ছিল ; যেমন—ধর্মশাস্ত্রে প্যারিস, আইনশাস্ত্রে বলোনিয়া ও চিকিৎসা-বিদ্যায় সালের্না'র খ্যাতি ছিল।

মধ্যযুগের বিশিষ্ট মনীষীদের মধ্যে ফ্রান্সের পিটার অ্যাবেলার্ড', জার্মানির আলবার্টাস, ম্যাগনাস, ইটালির টিমাস, একুইনাস এবং ইংলণ্ডের রোজার বেকন প্রভৃতির নাম প্রসিদ্ধ।

অ্যাবেলার্ড' গ্রীকপাদত সঙ্কেতিসের মত ছার্বাদিগকে প্রশ্ন করিয়া তাহাদের চিন্তাশক্তির বিকাশ ঘটাইতে চেষ্টা করিতেন। প্রচালিত ধর্মমতের তিনি ছিলেন বিরোধী। বিখ্যাত দাশ'নিক অ্যাবেলার্ড' তাঁহার রচিত একটি গ্রন্থে যাঁকু-তকে'র সাহায্যে ধীষ্টধর্মে'র কতকগুলি প্রচালিত সিদ্ধান্তের বিরোধিতা করায় যাজকগণ তাঁহাকে ঐ গ্রন্থখার্ণ তাঁহার নিজের হাতে পড়াইতে বাধ্য করিয়াছিলেন। অ্যাবেলার্ড' চিন্তার ক্ষেত্রে স্বাধীনতার পূজ্জারী ছিলেন।

আলবার্টাস, ম্যাগনাস, ছিলেন বৈজ্ঞানিক। বাইবেলের প্রচালিত রৌতনীতির কথা না মানিয়া তিনি বিজ্ঞানের ক্ষেত্রে গাছপালা বা পশু-পক্ষীর দেহের উপর নানাপ্রকার পরীক্ষা-নিরীক্ষা চালাইতে শুরু করেন। গের্ড়া ধীষ্টানগণ স্বাভাবিকভাবেই তাঁহার উপর কুন্দন হইয়া তাঁহাকে নান্দিক বলিয়া ঘৃণা করিতে আরম্ভ করে।

ম্যাগনাসের প্রিয় শিষ্য ছিলেন টিমাস, একুইনাস। মধ্যযুগ ছিল

বিশ্বাসের যুগ ; কিন্তু একুইনাস্ প্রচার করেন যে, ধর্ম কেবল বিশ্বাসের উপরই প্রতিষ্ঠিত নহে, যদ্যপি উপরও উহা সমানভাবেই প্রতিষ্ঠিত। তিনি আরও প্রচার করেন যে, সত্য জানিতে হইলে যদ্যপি এবং বিশ্বাস উভয়েরই সাহায্য লওয়া দরকার।

রোজার বেকন ছিলেন একজন মঠবাসী সন্ধ্যাসী। রোজার বেকন মনে করিতেন—প্রকৃত সত্য জানিতে হইলে প্রাকৃতিক ঘটনাগুলি পর্যবেক্ষণ ও পরীক্ষা করিয়া দেখা দরকার। তিনি নিজেও বহু বৈজ্ঞানিক বিষয় লইয়া গবেষণা করিয়াছিলেন। চাচ' তাঁহাকে তাঁহার স্বাধীন চিন্তার জন্য ঢোল্ড বৎসর কারাদণ্ডে দণ্ডিত করিয়াছিল।

ঘটনাপঞ্জী

সেণ্ট বেনিডিক্ট—আঃ ৪৮০—৫৪৪ ধীঃ অঃ

শাল'ম্যানের সিংহাসন লাভ—৭৬৮ ধীঃ অঃ

শাল'ম্যানকে পোপ কর্তৃক সন্মাট বলিয়া ঘোষণা—৮০০ ধীঃ অঃ

শাল'ম্যানের মৃত্যু—৮১৪ ধীঃ অঃ

পিটার অ্যাবেলার্ড—১০৭৯—১১৪২ ধীঃ অঃ

আলবার্টস' ম্যাগনাস—১১৩৯—১২৮০ ধীঃ অঃ

টমাস একুইনাস—১২২৫—১২৭৫ ধীঃ অঃ

রোজার বেকন—আঃ ১২১০—১২৯৩ ধীঃ অঃ

অনুশীলনী

ৱচনাভিত্তিক প্রশ্ন

- ১। শাল'ম্যানের রাজ্যলাভ ও রাজ্যবিপ্তার সংপর্কে যাহা জান লিখ ।
- ২। শাল'ম্যান শব্দের অর্থ কি ? শাল'ম্যানের নামের সার্থকতার সমর্থনে যদ্যপি দাও ।
- ৩। ধী'টান মঠগুলির উন্ভব কিভাবে ঘটিয়াছিল ? ধী'টান মঠগুলির সংগঠন ও গুরুত্বপূর্ণ ভূমিকার বিবরণ দাও ।
- ৪। সেণ্ট বেনিডিক্ট সংপর্কে যাহা জান লিখ ।
- ৫। সেণ্ট বেনিডিক্ট প্রতিষ্ঠিত মঠ ও সম্প্রদায় কি নামে পরিচিত ? সেণ্ট বেনিডিক্ট তাঁহার মঠগুলির জন্য কি কি আদর্শ ব্যবস্থা ও নিয়ম প্রবর্তন করিয়াছিলেন ?

- ৬। ক্ল্র্নি মঠ সংপর্কে' যাহা জান লিখ ।
- ৭। মধ্যবৃক্ষে বিদ্যাচর্চা ও বিশ্ববিদ্যালয়সমূহের প্রতিষ্ঠা সংপর্কে' যাহা জান লিখ ।
- ৮। মধ্যবৃক্ষের কয়েকটি বিখ্যাত বিশ্ববিদ্যালয়, শিক্ষণীয় বিষয় ও কয়েকজন স্বীক্ষ্যাত পাঁচতের বিষয়ে সংক্ষেপে লিখ ।

সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন

- ১। টীকা লিখ : আবেলাড' ; টমাস একুইনাস্ক ; রোজার বেকেন ।
- ২। ইন্ডেন্টচার বলিতে কি বুঝ ?
- ৩। পোপ কর্ত'ক সন্মাটদের অর্ভিষ্ঠ করায় রাষ্ট্র ও চার্চ'র সংপর্ক' কিরূপ হইয়াছিল ?
- ৪। 'রোলাংড'-গীতি' বলিতে কি বুঝ ?

বৈর্ণোক প্রশ্ন

ব্যধিনীর মধ্য হইতে সঠিক শব্দটি বাচিয়া লইয়া শব্দস্থান প্রেরণ কর :—

- ১। ফ্রাঙ্কদের সর্বশ্রেষ্ঠ সন্মাট ছিলেন —— (শাল'ম্যান/রোলাংড) ।
- ২। শাল'ম্যানের একজন সাচিব ছিলেন —— (টমাস একুইনাস/ এগিনহাড') ।
- ৩। সন্যাসীদের মঠের অধ্যক্ষকে বলা হয় —— (অ্যাবট/অ্যাবেস) ।
- ৪। থ্রীটান প্রারম্ভদের মঠকে বলা হয় —— (নানার্ম/মনস্টারি) ।
- ৫। ক্ল্র্নি মঠের প্রতিষ্ঠা করেন —— (ডিউক উইলিয়ম/ওডে) ।
- ৬। মধ্যবৃক্ষে চিকিৎসাবিদ্যা শিক্ষার জন্য বিখ্যাত ছিল —— (বলোনিয়া/সালেনে') বিশ্ববিদ্যালয় ।

সংক্ষিপ্ত বা ঘোষিক প্রশ্ন

- ১। ফ্রাঙ্কদের সর্বশ্রেষ্ঠ সন্মাট কে ছিলেন ?
- ২। এগিনহাড' কে ছিলেন ?
- ৩। শাল'ম্যান কত থ্রীটানে চার্চ' কর্ত'ক সন্মাট রূপে ঘোষিত হন ?
- ৪। রোলাংড কে ছিলেন ?
- ৫। সেন্ট বেনিডিক্ট প্রবর্ত'ত মঠ ও সংপ্রদায়ের নাম কি ?
- ৬। হিল্ডেব্রাংড কি নামে পোপ হইয়াছিলেন ?
- ৭। মধ্যবৃক্ষে কোন বিশ্ববিদ্যালয় আইন শিক্ষার জন্য বিখ্যাত ছিল ?
- ৮। মধ্যবৃক্ষে কোন বিশ্ববিদ্যালয় ধর্মশাস্ত্র শিক্ষার জন্য বিখ্যাত ছিল ?
- ৯। মধ্যবৃক্ষে কোন বিশ্ববিদ্যালয় চিকিৎসাবিদ্যা শিক্ষার জন্য বিখ্যাত ছিল ?
- ১০। ক্ল্র্নি মঠ কোথায় অবস্থিত ছিল ?

ସାମନ୍ତତତ୍ତ୍ଵ

ବାଂଲାଯ ସାହାକେ 'ସାମନ୍ତତତ୍ତ୍ଵ' ବଲା ହୟ, ଇଂରେଜୀତେ ତାହାକେ ବଲା ହୟ ଫିଉଡ଼୍‌ଯାଲିଜ୍‌ମ୍' । ଫିଉଡ଼୍‌ଯାଲିଜ୍‌ମ୍ ଶବ୍ଦଟି 'ଫିଉଡ' ଶବ୍ଦ ହିତେ ଆସିଯାଛେ । 'ଫିଉଡ' ଶବ୍ଦେର ମଳ ଅଥ 'ଆନ୍‌ଗତ୍ୟେ ବିନିମୟେ ପ୍ରାଣ୍ତ ଭୂ-ସଂପର୍କି' । ଏହାବେ ପ୍ରାଣ୍ତ ଭୂ-ସଂପର୍କର ମାଲିକକେ ବଲା ହୟ 'ଫିଉଡ଼୍‌ଯାଲ ଲଭ' ବା ସାମନ୍ତ-ପ୍ରଭୁ । ଯେ ସାମାଜିକ, ଅଥ'ନୈତିକ ଓ ରାଜନୈତିକ ବ୍ୟବସ୍ଥାଯ ସାମନ୍ତ-ପ୍ରଭୁଦେର ପ୍ରାଧାନ୍ୟ ବା ଆଧିପତ୍ୟ ଥାକେ, ତାହାକେ 'ସାମନ୍ତତତ୍ତ୍ଵ' ବଲେ ।

ଭୂମି ଓ ମାନୁଷେ ମାନୁଷେ ସଂପର୍କ

ବର୍ତ୍ତର ଜ୍ଞାତିମନ୍ତରେ ଆକ୍ରମଣେର ଫଳେ ରୋମ ସାଶାଜ୍ ଭାର୍ତ୍ତୀଯା ପାଢ଼ିଲେ ଦେଶେ ଅରାଜକତା ଦେଖା ଦେଯ । ଶତ୍ରୁର ଆକ୍ରମଣେ ମାନୁଷେର ଜୀବନ ଓ ଧନ-ସଂପର୍କର ନିରାପତ୍ତା ଓ ନିର୍ଭୟତା ବିପନ୍ନ ହିୟା ପଡ଼େ । ଏହି ଅବସ୍ଥାଯ ମାନୁଷ ଜୀବନ ଓ ଧନସଂପର୍କର ନିରାପତ୍ତା ଓ ନିର୍ଭୟତା ରଙ୍କାର ଆଶାୟ ସାଧୀନତା ବିସର୍ଜନ ଦିଯା ମୁଖ୍ୟାୟ ବୀର-ପ୍ରଭୁଦେର ଶରଣପନ୍ଥ ହୟ । ଏମବ ବୀରପ୍ରଭୁ ଆନ୍‌ଗତ୍ୟେ ବିନିମୟେ ମାନୁଷେର ଜୀବନ ଓ ଧନସଂପର୍କର ପ୍ରତିଶ୍ରୁତି ଦିଲେଓ ତାହାରା ନିଜେରାଓ ନିରାପଦ ଛିଲେନ ନା । ତାଇ ତାହାରା ଅପେକ୍ଷାକୃତ ଶକ୍ତିଶାଲୀ ବ୍ୟକ୍ତିର ଶରଣପନ୍ଥ ହିତେନ । ଏହାବେ ମତରେ ମତରେ ବିଭିନ୍ନ ସାମନ୍ତ-ଶ୍ରେଣୀ ଗାଢ଼ୀ ଉଠିରାଛିଲ ।

ଏହି ବ୍ୟାପାରଟି ଯେମନ ନିଚେର ଦିକ ହିତେ ଉପରେର ଦିକେ ଘଟିଯାଛିଲ, ତେମନି ସାମନ୍ତ-ଶ୍ରେଣୀର ମତର ବିନ୍ୟାସ ଉପର ହିତେଓ ନିଚେର ଦିକେ ଘଟିଯାଛିଲ । କୋନ୍ତେ ଶକ୍ତିଶାଲୀ ବୀର ସ୍ଵରିଶାଲ ଅଞ୍ଜଳ ବା ରାଜ୍ୟ ଜୟ କରିଲେ ତାହା ତିନି ତାହାର ପ୍ରଧାନ ସହ୍ୟୋଗୀଦେର ମଧ୍ୟେ ଆନ୍‌ଗତ୍ୟେ ବିନିମୟେ ବଣ୍ଟନ କରିଯା ଦିତେନ । ଏମବ ପ୍ରଧାନ ସହ୍ୟୋଗୀ ହିତେନ ପ୍ରଧାନ ସାମନ୍ତ-ପ୍ରଭୁ । ତାହାରା ଆବାର ଆନ୍‌ଗତ୍ୟେ ବିନିମୟେ ପ୍ରାଣ୍ତ ଭୂ-ସଂପର୍କକେ ତାହାଦେର ପ୍ରଧାନ

অনুগামীদের মধ্যে ভাগ করিয়া দিতেন। এইভাবে দেশে নিচ হইতে উপরের দিকে এবং উপর হইতে নিচের দিকে সামন্ত-শ্রেণীর উদ্ভব হইয়াছিল।

সামন্তরাই জামির মালিক ছিলেন। তাঁহারা ঐ জামি সাধারণ মানুষের মধ্যে বিতরণ করিয়া দিতেন। সাধারণ মানুষ তখন জামিতে অধিকার পাইয়াছিল সত্য, কিন্তু ঐ জামি ত্যাগ করিবার অধিকার তাহারা হারাইয়াছিল। এইভাবে তাহারা ভূমিদাসে পরিগত হইয়াছিল।

সামন্ত শ্রেণীর স্তর-বিন্যাস

সামন্ততাত্ত্বিক ব্যবস্থায় সকলের উপরে ছিলেন রাজা। তিনি ছিলেন সামন্ত শ্রেণী ও জনসাধারণ, সকলের প্রভু। রাজাই ছিলেন দেশের সমস্ত ভু-সংপত্তির মালিক। সৈন্যের নিকট হইতেই তিনি ঐ ভু-সংপত্তি লাভ করিয়াছেন, মনে করা হইত। প্রধান সামন্তরা আনুগত্য, রাজকর ও যন্দিকালে সাহায্যদানের অঙ্গীকার করিয়া রাজার নিকট হইতে ভু-সংপত্তি লাভ করিতেন। ঐসব প্রধান সামন্ত আবার আনুগত্য, কর ও যন্দিকালে সাহায্যদানের প্রতিশ্রীতির বিনিময়ে নিম্নতর শ্রেণীর সামন্তকে ভু-সংপত্তি দান করিতেন। এইভাবে সামন্ত-শ্রেণীর স্তর-বিন্যাস করা হইত। ফলে সামন্ত-তন্ত্রে একই ব্যক্তি উধর্দ'তন সামন্ত বা রাজার 'ভ্যামাল' বা 'অনুগত ব্যক্তি' এবং নিম্নতর সামন্তের বা জনসাধারণের 'লড' বা 'প্রভু' হইতেন। ভ্যামাল বা অনুগত ব্যক্তিরা লড' বা প্রভুর নিকট নতজানু হইয়া আনুগত্য, কর ও যন্দিকালে সাহায্যদানের অঙ্গীকার করিয়া ভু-সংপত্তি লাভ করিতেন। ফলে সামন্তরা একাধারে ছিলেন অনুগত ব্যক্তি ও প্রভু। উধর্দ'তন সামন্ত বা রাজার সহিত আনুগত্য এবং নিম্নতর সামন্ত বা প্রজার সহিত প্রভুত্বের দ্বৈতবন্ধনে সামন্তরা আবদ্ধ ছিলেন।

ভ্যামাল বা অনুগত সামন্তরা তাঁহার 'লড' বা প্রভুকে কেবল কর ও সামরিক সাহায্যই দিতেন না, তাঁহারা প্রভুর দরবারে উপস্থিত হইতেন, প্রয়োজন হইলে প্রভুকে পরামর্শ দিতেন, প্রভু শগ্রহস্তে বন্দী হইলে মুক্তিপণ দিয়া প্রভুকে মুক্ত করিতেন, প্রভু-কন্যার বিবাহে উপযুক্ত

ଯୌତୁକ ଦିତେନ, ପ୍ରଭୁ-ପ୍ରତ୍ରେ 'ନାଇଟ' ହଇବାର ଉଂସବେ ଅଥ' ଯୋଗାଇତେନ । ସାମନ୍ତ-ପ୍ରଭୁରା ଭ୍ୟାମାଲଦେର ବିପଦେ ରକ୍ଷା କରିତେନ, ଭ୍ୟାମାଲଦେର ପ୍ରତ୍ରକେ ନିଜ ପରିବାରେ ରାଖିଯା 'ନାଇଟ' ହଇବାର ଉପ୍ୟକ୍ତ ଶିକ୍ଷା ଦିତେନ ।

ମଧ୍ୟୀବେଳେ ସାମନ୍ତତାନ୍ତ୍ରିକ ସମାଜେ ସାମନ୍ତରା ନାନା ସତରେ ବିଭିନ୍ନ ଛିଲେନ । ପ୍ରଧାନ ସାମନ୍ତ-ପ୍ରଭୁରା ଡିଟୁକ, ଆର୍ଚିଡିଟୁକ, ପ୍ରିଂସ ପ୍ରଭୃତି ଆଖ୍ୟା ପାଇତେନ । ନିମ୍ନତର ସତରେ ନାଇଟରା ଆର୍ଲ୍, କାଉଟ୍, ବ୍ୟାରନ, ବ୍ୟାରନେଟ ପ୍ରଭୃତି ଉପାଧିତେ ଭୂମିତ ହଇତେନ ।

ଜନସାଧାରଣେ ଜୀବନେ ସାମନ୍ତଦେର ପ୍ରଭୁତ୍ୱ


ଦେଶେର ଶାସନ-ବ୍ୟବସ୍ଥାର ଉଚ୍ଚତମ ଶିଖରେ ରାଜୀ ଥାକିଲେଓ ତିନି ରାଜ-କର୍ମଚାରୀ ଓ ସୈନ୍ୟବାହିନୀର ସାହାଯ୍ୟ ଦେଶ-ଶାସନ କରିତେନ ନା । ସାମନ୍ତରାଇ ନିଜ ନିଜ ଏଲାକାଯ ପ୍ରଭୁତ୍ୱ କରିତେନ । ତାଙ୍କାର ନିଜେରାଇ ଆଇନ କରିତେନ, ମେହି ଆଇନେ ବିଚାର କରିତେନ । ତାଙ୍କାରେ ଗ୍ରେ-ଭବନେ ଆଦାଲତ ବସିତ । ସାମନ୍ତ-ପ୍ରଭୁ ବା ତାଙ୍କାର କର୍ମଚାରୀରା ବିଚାର କରିତେନ । ସାମନ୍ତରା ତାଙ୍କାରେ ଭୂ-ସଂପର୍କ ଓ ଚାଷ-ଆବାଦ ଦେଖାଶୋନା ଓ ଶାନ୍ତି-ଶୃଖଳା ରକ୍ଷାର ଜନା କର୍ମଚାରୀ ରାଖିତେନ । ସାମନ୍ତଦେର ବହୁ ଜୀମଦାରି ଥାକିତ । କର୍ମଚାରୀରା ତାଙ୍କାରେ ପ୍ରତିନିଧିରାପେ ଐସବ ଜୀମଦାରି ଦେଖାଶୋନା କରିତ ।

ନିଜ ନିଜ ଏଲାକାଯ ଶାସନ, ଆଇନ-ଶୃଖଳା ରକ୍ଷା ପ୍ରଭୃତିର ଦାୟିତ୍ୱ ଛିଲ ସାମନ୍ତଦେର । ଶତ୍ରୁର ଆକ୍ରମଣ ପ୍ରତିରୋଧ ଓ ଦଶ୍ୟ-ତମକରେର ହାତ ହଇତେ ରକ୍ଷାର ଦାୟିତ୍ୱ ଓ ଛିଲ ତାଙ୍କାରେ । ପ୍ରତି ଜୀମଦାରିତେ ସାମନ୍ତଦେର ସୁରକ୍ଷିତ ବାସଭବନ ଥାକିତ । ସାମନ୍ତଦେର ଜୀମଦାରିକେ ବଲା ହିତ 'ମ୍ୟାନର', ଏଜନ୍ୟ ଐସବ ବାସଭବନକେ ବଲା ହିତ 'ମ୍ୟାନର-ହାଉସ' । ମ୍ୟାନରଗାଲି ଅତିଶ୍ୟ ସୁରକ୍ଷିତ ଛିଲ । ତାଇ ଐସବିଲ 'କ୍ୟାସ୍ଲ୍' ବା ପ୍ରାସାଦ-ଦ୍ଵାରା ନାମେଓ ପରିଚିତ ଛିଲ । ମଧ୍ୟୁଗେ ଐସବ ପ୍ରାସାଦ-ଦ୍ଵାରା ଅତିଶ୍ୟ ଗର୍ଭପଣ ଛିଲ ।

ମଧ୍ୟୁଗେ କ୍ୟାସ୍ଲ୍ ବା ପ୍ରାସାଦ-ଦ୍ଵରେ ଭୂମିକା

ମଧ୍ୟୁଗେ ସାମନ୍ତ-ପ୍ରଭୁରେ ବାସଭବନ ବା ପ୍ରାସାଦ-ଦ୍ଵାରା ଗାଲିର ଏକଟି ବିଶେଷ ଭୂମିକା ଛିଲ । ସାମନ୍ତ-ପ୍ରଭୁରା ଏହିବ ପ୍ରାସାଦ-ଦ୍ଵାରେ ଥାକିତେନ ଏବଂ ଜୀମଦାରି ଶାସନ କରିତେନ ।

প্রাথমিক ক্ষেত্রে নিরাপত্তার খার্তিরেই এই জাতীয় প্রাসাদ-দুর্গ নির্মিত হইত। গ্রামের শ্রেষ্ঠ স্থানটিই এইজন্য বাছিয়া লওয়া হইত। পরবর্তী সময়ে আরও নিরাপত্তার প্রয়োজনে উচ্চ পাহাড়ের উপর, কোন দৌলৈ কিংবা জলাভূমির মধ্যস্থানে নির্মিত হইত এই সকল প্রাসাদ-দুর্গ। স্লটচ প্রর দেওয়াল দিয়া এগুলি ঘেরা থাকিত। চারিদিকে থাকিত জলপুর্ণ গভীর খাত। তাহার উপর সেতু বারা যোগসত্র থাকিত। সেতুটিকে ইচ্ছামত উঠানো ও নামানো যাইত এবং সেই সেতুটিই প্রয়োজনমতো বাহিরের জগৎ ও




মধ্যযুগের প্রাসাদ-দুর্গ

